নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

# স্টাইভেসান্ট হাই স্কুল

সিউং সি ইউ (Seung C. Yu), প্রিন্সিপ্যাল

## ডিরেক্টরি অভ গাইডেন্স সার্ভিস

| | | |
|---|---|---|
| **প্রশাসন** | **রুম 222** | **212-312-4800 এক্সটেনশন 2223** |
| ক্যাসে জে পেড্রিক (Casey J. Pedrick) | অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল, পিউপল পারসোন্যাল সার্ভিসেস | cpedrick@schools.nyc.gov |
| ক্যারল ক্যারানো (Carol Carrano( | সেক্রেটারি | ccarran@schools.nyc.gov |
| | | |
| **কলেজ অফিস** | **রুম 225** | **212-312-4841** |
| জেফরি মাকরিস (Jeffrey Makris) | ডিরেক্টর অভ কলেজ কাউন্সেলিং | jmakris@stuy.edu |
| | | |
| এলিজাবেথ হিউস (Elizabeth Hughes) | অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ কলেজ কাউন্সেলিং | ehughes@stuy.edu |
| অ্যালিস ক্লাইম্যান (Allison Kleiman) | অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ কলেজ কাউন্সেলিং | akleiman@stuy.edu |
| ড. জুরেল উইলসন (Jeaurel Wilson) | অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ কলেজ কাউন্সেলিং | jwilson14@schools.nyc.gov |
| | | |
| অ্যাঞ্জেলা ডিমাসি (Angela DeMasi) | কলেজ অফিস সেক্রেটারি | ademasi2251@stuy.edu |
| | | |
| **গাইডেন্স অফিস** | **রুম 236** | **212-312-4800 এক্সটেনশন -2360** |
| মাইলস সেবাস্টিয়েন (Myles Sebastien) | গাইডেন্স সেক্রেটারি | msebastien2@schools.nyc.gov |

| | | |
|---|---|---|
| হার্ভি ব্লাম (Harvey Blumm) | ইন্টার্নশিপ কোঅর্ডিনেটর | এক্সটেনশন 2381, hblumm@stuy.edu |
| স্যান্ড্রা ব্রেনডান (Sandra Brandan) | স্কুল কাউন্সেলর | এক্সটেনশন 2368, sbrandan@schools.nyc.gov |
| এঞ্জেল কোলন (Angel Colon) | স্কুল কাউন্সিলর | এক্সটেনশন 2364, acolon@stuy.edu |
| জোসেফ ফিওলা (Joseph Feola) | স্কুল কাউন্সেলর | এক্সটেনশন 2385, jfeola@stuy.edu |
| পল গোল্ডসম্যান (Paul Goldsman) | স্কুল কাউন্সিলর | এক্সটেনশন 2386, pgoldsman@stuy.edu |
| আনডাইন গাত্রি (Undine Guthrie) | স্কুল কাউন্সেলর | এক্সটেনশন 2361, uguthri@schools.nyc.gov |
| সারাহ কর্নহোসার (Sarah Kornhauser) | স্কুল কাউন্সেলর | এক্সটেনশন 2382, skornhauser@schools.nyc.gov |
| জো-অ্যান মাহনি (Jo-Ann Mahoney) | স্কুল কাউন্সেলর | এক্সটেনশন 2387, jmahoney3@schools.nyc.gov |
| অড্রা প্যারিস (Audra Parris) | স্কুল কাউন্সেলর | এক্সটেনশন 2367, aparris2@schools.nyc.gov |
| শাকিরা রিমান (Shakira Rhiman) | স্কুল কাউন্সেলর | এক্সটেনশন 2363, srajwan@schools.nyc.gov |
| ক্রিস্টিনা উই (Kristina Uy) | স্কুল কাউন্সেল | এক্সটেনশন, 2362, kuy@schools.nyc.gov |
| গ্রেড ওয়ালকিস (Gregg Walkes) | স্কুল কাউন্সেলর | এক্সটেনশন 2364, gwalkes@schools.nyc.gov |
| ইয়াং, লক ম্যান (Yang, Lok Man) | স্কুল কাউন্সেলর | এক্সটেনশন 2383, lyang@schools.nyc.gov |

# স্টাইভেসান্ট হাই স্কুল কলেজ হ্যান্ডবুক

www.stuy.edu

প্রিয় পিতামাতা/অভিভাবক এবং ক্লাস 2025-এর শিক্ষার্থীগণ:

আপনারা বুঝার আগেই, স্টাইভেসান্ট-এ আপনাদের জুনিয়র ইয়ারের ফার্স্ট টার্ম সম্পন্ন করে ফেলবেন এবং একটি কলেজ বাছাই করার উদ্দীপনাময় প্রক্রিয়া শুরু করবেন। যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে ও বিদেশে অসংখ্য ভালো ভালো কলেজ ও ইউনিভার্সিটি রয়েছে, সেগুলো থেকে বেছে নেওয়ার গণ্ডী ছোট করে আনা সহজ কাজ নয়। কলেজ বাছাই প্রক্রিয়াতে প্রয়োজন আপনার শিক্ষাগত, ব্যক্তিক ও পেশাদারী লক্ষ্যের জন্য সময়, প্রতিশ্রুতি এবং আত্মমূল্যায়ন।

কলেজ হ্যান্ডবুক বিশেষভাবে আপনার জন্য, অর্থাৎ হাই স্কুল জুনিয়রদের জন্য তৈরি হয়েছে, যাতে আপনাকে কলেজ খোঁজা ও ভর্তি প্রক্রিয়ায় সহায়তা করা যায়। অনুগ্রহ করে এই বছর কোনো এক সময় পুরো হ্যান্ডবুক পাঠ করতে একটু সময় দেবেন। এছাড়াও আগামীতে কী আছে, সে ব্যাপারে সচেতন থাকার জন্য সংযুক্ত কলেজ প্ল্যানিং ক্যালেন্ডার দেখুন।

স্মরণ রাখবেন যে, এই প্রক্রিয়ায় আপনি, *শিক্ষার্থী,* হলেন... সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তি! আপনাকে এই প্রক্রিয়ার জন্য দায়িত্বশীল হতে হবে। কিন্তু একটি কলেজ বাছাই হলো একটি পারিবারিক সিদ্ধান্তের ব্যাপার। অনুগ্রহ করে এই হ্যান্ডবুক আপনার পিতামাতাকে দেখতে উৎসাইহত করুন যাতে তারা সজ্ঞাত থাকতে এবং উচ্চ শিক্ষা লাভে আপনার উদ্যোগে পূর্ণ সহায়তা দিতে পারেন।

আন্তরিকভাবে,

মি জেফ্রি সি মাকরিস (. Jeffrey C. Makris)
ডিরেক্টর অভ কলেজ কাউন্সেলিং

কেইসি জে পেড্রিক (Ms. Casey J. Pedrick)
অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল, পিউপিল পারসোনেল সার্ভিসেস

*স্টাইভেসান্ট হাই স্কুল NACAC-এর সদস্য এবং NACAC-এর 'কলেজে ভর্তিতে নৈতিকতা চর্চার নিয়ম' মেনে চলে*

NACAC

National Association for
College Admission Counseling

https://www.nacacnet.org/

***এই ডকুমেন্ট তৈরি করা হয়েছে শুধু স্টাইভেসান্ট হাই স্কুলের শিক্ষার্থী ও পিতামাতাদের জন্য***

# স্টাইভেসান্ট হাই স্কুল কলেজ হ্যান্ডবুক

www.stuy.edu

## সূচিপত্র

পৃষ্ঠা নং

| | |
|---|---|
| স্বাগতম | 2 |
| ভূমিকা | 4 |
| *নেভিয়াঙ্গ স্টুডেন্ট* | *5* |
| কলেজে ভর্তি সম্পর্কে ভূমিকা | 7 |
| কলেজগুলো আবেদনকারীরদের কোন বিষয়ে নজর দেয় | 8 |
| একটি কলেজ বেছে নিতে যেসব বিষয় বিবেচনা করতে হয় | 10 |
| কলেজ সম্পর্কে কোথায় তথ্য পাওয়া যাবে | 12 |
| প্রমিতমান পরীক্ষার তথ্য | 13 |
| আবেদনের পরিকল্পনাসমূহ | 14 |
| কলেজের আবেদনপত্রের প্রাসঙ্গিক উপকরণগুলো জমাদানের চার্ট | 15 |
| কলেজ পরিকল্পনার সময়রেখা | 15 |
| কলেজের জন্য সাক্ষাৎকার | 21 |
| কলেজের জন্য সাক্ষাৎকারের পর নমুনা “Thank You” (ধন্যবাদজ্ঞাপন) ইমেইল/চিঠি | 22 |
| কলেজের ব্যয়/ফাইন্যানশিয়াল এইড | 23 |
| কলেজের জন্য প্রস্তুতির চেকলিস্ট | 26 |
| প্রয়োজনীয় তথ্যসূত্র ও সহায়ক উপকরণ | 27 |

## ভূমিকা

স্টাইভেসান্ট হাই স্কুলে কলেজ নির্বাচন প্রক্রিয়া সাগ্রহে শুরু হয় আপনার জুনিয়র বছরের দ্বিতীয় টার্মে। কলেজ অফিস আমাদের জুনিয়র ও তাদের পরিবারের জন্য একটি ধারাবাহিক কিছু অনুষ্ঠান আয়োজন করবে এবং আমাদের কাউন্সিলারগণ শিক্ষার্থীদের (এসব বৈঠকে পিতামাতাও ভার্চুয়ালভাবে থাকতে পারেন) সাথে আলাদা আলাদাভাবে বৈঠক শুরু করবেন। আপনার স্কুল কাউন্সেলরও (যিনি গাইডেন্স হিসেবেও পরিচিত) আপনার সুপারিশের চিঠি লেখা শুরু করবেন, যা সেকেন্ডারি স্কুল রিপোর্ট (SSR) নামেও পরিচিত।

এই প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য যিনি সবচেয়ে বেশি দায়বদ্ধ, সে ব্যক্তিটি হলেন আপনি। এখানে আমাদের কাজ হলো আপনাকে পরামর্শ ও সহায়তা দেওয়া, কিন্তু আপনাকে অবশ্যই গুরুত্বপূর্ণ সিদ্ধান্তটি নিতে হবে ও সকল কলেজের শর্তসমূহ পূরণ ও সময়সীমা মেনে চলার জন্য কাজ করতে হবে। আপনার সম্ভাব্য কলেজসমূহের একটি স্প্রেডশিট তৈরি করে সেখানে গুরুত্বপূর্ণ তথ্য, বিভিন্ন শর্ত, সময় সীমা ইত্যাদি সুসংবদ্ধ রাখা আপনার জন্য সহায়ক হবে। আপনার নেভিয়েন্স উপকরণ ব্যবহার করুন, আপনার কলেজ কাউন্সেলরদের কাছ থেকে প্রাপ্ত ইমেইল পড়ুন, এবং কলেজগুলিতে জমাদানকৃত সবকিছু একটি কপি রাখতে ভুলবেন না।

অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে, একটি কলেজ বাছাই করার অর্থ শুধু আপনি যে একটা প্রতিযোগিতামূলক কলেজে ভর্তির আশা করেন, সেটার চাইতেও অতিরিক্ত কিছু। *কলেজে ভর্তি হচ্ছে মানানসইকরণ করা, কোনো পুরস্কার জেতা নয়।* প্রতিটি শিক্ষার্থীকে এমন কলেজ খুঁজে নিতে হবে যা তাদের নিজস্ব লেখাপড়ার ধরন, মূল্যবোধ, ব্যক্তিগত আগ্রহ, প্রাতিষ্ঠানিক ও পেশাগত লক্ষ্য, ইত্যাদির জন্য যথাযথ মানানসই। স্মরণ রাখতে চেষ্টা করবেন যে, আপনি ঠিক কোথায় কলেজে যাচ্ছেন, সেটাকে আপনি যত গুরুত্বপূর্ণ ভাবছেন, আসলে সেটা তত গুরুত্বপূর্ণ নয় ....গুরুত্বপূর্ণ হলো আপনি কলেজে থাকাকালে কী করছেন। আপনি যদি আপনার শিক্ষায় নিযুক্ত থাকেন এবং ক্লাসরুম ও ক্লাসরুমের বাইরে প্রকৃত লেখাপড়ার অভিজ্ঞতা লাভের জন্য প্রতিশ্রুতিবদ্ধ থাকেন, তাহলে আপনি যেখানেই কলেজে যান না কেনো, আপনি যে কোনো ধারা বেছে নেন না কেনো, নিজের ব্যক্তিগত ও পেশাগত সাফল্যের জন্য প্রস্তুত করে নেবেন।

এবং মনে রাখবেন, কলেজ বাছাই যেন আনন্দদায়ক হয়! আপনি আপনার জীবনের একদম নতুন একটি অধ্যায় শুরু করতে যাচ্ছেন, যা সম্ভবত পূর্ণ থাকবে চমৎকার স্মৃতি এবং নতুন সম্পর্কে, এর কিছু হবে আজীবন মনে রাখার মতো। আপনি যে শীঘ্রই আপনার জীবনের একটি চমৎকার নতুন অধ্যায়ে প্রবেশ করছেন, এবং এর সাথে সাথে যেসকল ভালো ঘটনা ঘটবে, সেই সত্যটির রোমাঞ্চ উপভোগে ভীতি এবং দুশ্চিন্তাকে বাধা হতে দেবেন না।

## নেভিয়াঙ্গ স্টুডেন্ট

নেভিয়াঙ্গ স্টুডেন্ট হলো একটি অনলাইন সিস্টেম যা শিক্ষার্থীদেরকে কলেজ ও মেজর (প্রধান পাঠ্য) বিষয়গুলো অনুসন্ধান, স্টাইভেসান্ট-এর ঐতিহাসিক কলেজ আবেদন বিষয়ক তথ্য-উপাত্ত পর্যালোচনা, এবং কলেজ পরিকল্পনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয় ও অনুষ্ঠানাদি সম্পর্কে অবহিত থাকার সুযোগ দেয়। সিনিয়ররা কোথায় কলেজের আবেদন করবে, সেটা জানাতে নেভিয়াঙ্গ ব্যবহার করবে, এবং আমাদের কলেজ কাউন্সেলরগণ কলেজে আবেদনের প্রয়োজনীয় নথিপত্র জমা দিতে সেই সিস্টেম (নেভিয়াঙ্গ) ব্যবহার করবেন।

শিক্ষার্থীরা গ্রেড 9-এর শুরু থেকে অ্যাকাউন্ট সক্রিয় (অ্যাকটিভেট) না করা পর্যন্ত নেভিয়াঙ্গ থেকে অ্যাকাউন্ট অ্যাক্টিভেশন সম্পর্কে নির্দেশনাসহ ইমেইল পেতে থাকবেন:

**ধাপ 1-আপনার নেভিয়াঙ্গ স্টুডেন্ট** অ্যাকাউন্ট **অ্যাকটিভেট (সক্রিয়) করুন।**

- নিচের লিংক-এ যান: https://student.naviance.com/stuyvesant
- স্ক্রিনের ডান দিকে "are you new here?" বক্স-এ গিয়ে "I need to register"-এ ক্লিক করুন
- আপনার অনন্য (ইউনিক) রেজিস্ট্রেশন কোড এন্টার করুন

তারপর আপনার ইমেইল ঠিকানা নিশ্চিত ও একটি পাসওয়ার্ড তৈরির জন্য শুধু ধাপগুলো অনুসরণ করুন।

তারপর আপনি যে কোনো সময় নিচের লিংক ব্যবহার করে নেভিয়াঙ্গে লগ ইন করতে পারবেন:
https://student.naviance.com/stuyvesant

**ধাপ 2- আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন এবং আপনার পিতামাতার(দের) তথ্য অন্তর্ভুক্ত করুন।**

- নেভিয়াঙ্গ-এর প্রথম পাতায় উপরে ডান কোণে আপনার নামের আদ্যাক্ষরগুলো দিয়ে বৃত্তের ওপর ক্লিক করুন
- "my account"-এ ক্লিক করুন
- "parents/guardians"-এ এবং তারপর (+) চিহ্নিত লাল বৃত্তে ক্লিক করুন
- যত বেশি সম্ভব তথ্য প্রদান করবেন এবং **নিশ্চিত করবেন যে আপনি একটি সক্রিয় ইমেইল ঠিকানা দিয়েছেন,** তারপর "save"-এ ক্লিক করুন
- পিতামাতা 2-এর জন্য এটা পুনরাবৃত্তি করুন, যদি প্রযোজ্য হয়
- আমাদের কলেজ অফিসের যেকোনো সেক্রেটারির কাছে ইমেইল করুন যাতে তিনি আপনার পিতামাতার নেভিয়াঙ্গ অ্যাকাউন্ট অ্যাকটিভেট (সক্রিয়) করেন। ইমেইলের সাবজেক্টে **"PLEASE ACTIVATE PARENT ACCOUNT"** অন্তর্ভুক্ত করবেন এবং শুধু **আপনার নাম** এবং **অফিশিয়াল ক্লাস** ইমেইলের বডিতে লিখে দিন।

মিজ ডিমাসি (Ms. DeMasi): ademasi2251@stuy.edu

**জুনিয়র ইয়ার- SSR সার্ভে এবং কলেজ প্ল্যানিং সার্ভে সম্পন্ন করুন।** স্কুল কাউন্সেলরগণ তাদের সুপারিশপত্রগুলো (লেটার অভ রিকমেন্ডেশন) প্রস্তুত করতে SSR সার্ভে ব্যবহার করবেন । বিশদ ও সুচিন্তিত ভাবে সার্ভে পূরণ করলে সেটা তাদেরকে আপনার জন্য সবচেয়ে ভালো সুপারিশপত্র তৈরিতে সহায়তা করবে। আপনার সম্পর্কে এবং আপনার কলেজ খোঁজার প্রক্রিয়ায় আপনার কাছে গুরুত্বপূর্ণ কি, সে সম্পর্কে আরও জানতে কলেজ কাউন্সেলরগণ কলেজ প্ল্যানিং সার্ভে ব্যবহার করবেন। শিক্ষার্থীরা স্ক্রিনের ডান কোণে উপরে বৃত্তে তাদের নামের আদ্যাক্ষরগুলো দিয়ে এবং "Surveys From Your School"-এ ক্লিক করে সার্ভে পূরণ শুরু করতে পারবেন। শিক্ষার্থীদেরকে একবারে বসে তাদের সার্ভে পূরণ করতে হবে না; শিক্ষার্থীদেরকে শুধু বার বার সেভ করতে হবে যাতে নিষ্ক্রিয় থাকার ফলে পেজ খোলা থাকার সময় শেষ হয়ে যায়।

এছাড়াও সেই বৃত্তে যখন ক্লিক করবেন, তখন "journal" ফিচারটি পাবেন যা আপনার সকল ভাবনা ও পরিকল্পনা অনলাইনে একই অবস্থানে সাজিয়ে রাখতে পারবেন যেখান থেকে আপনি যে কোনো সময় পেতে সক্ষম। জার্নালের সেরা ফিচারগুলোর (বৈশিষ্টগুলোর) একটি হলো আপনি

যখন একটি ট্যাব-এ কোনো কলেজ ওয়েবসাইট অনুসন্ধান করতে থাকেন, তখন আরেকটা ট্যাব-এ আপনি আপনার জার্নাল খোলা রাখতে পারবেন। আপনি ওয়েবপেজ থেকে সরাসরি আপনার জার্নালে নোট টুকে নিতে, কাট ও পেস্ট করতে পারবেন। আপনার সকল গবেষণা নোট একটি স্থানে থাকায় সেটা কোনো একটি কলেজ বা প্রোগ্রামের জন্য খুব গুরুত্বপূর্ণ তথ্য লিখে রাখতে সাহায্য করবে।

***আপনার প্রোফাইল ও পরীক্ষার স্কোর/gpa সঠিক কি না, সেটা নিশ্চিত করার জন্য অনুগ্রহ করে যাচাই করবেন। যদি কোনো ভুল থাকে, তাহলে আপনার কলেজ কাউন্সিলরকে জানাবেন।***

**ক্যারিয়ার্স ট্যাব**: এই অংশে আপনি ক্যারিয়ার (বৃত্তি/পেশা) অনুসন্ধান করতে এবং ক্যারিয়ার ক্লাস্টার ফাইন্ডার (সামঞ্জস্যপূর্ণ পেশা সন্ধানী) ও ক্যারিয়ার ইন্টারেস্ট প্রোফাইলার (আগ্রহের পেশা পরিচিতি) পূরণ করে আপনার ব্যক্তিত্ব সম্পর্কিত প্রশ্নোত্তর দিতে সক্ষম হবেন। প্রশ্নপত্রগুলো এমনভাবে তৈরি করা হয় যাতে তা আপনার নিজের সম্পর্কে এবং কোন ধরনের পেশা আপনার জন্য সবচেয়ে ভালো হতে পারে, সেটি সম্পর্কে জানতে সাহায্য করে। আপনি এসব তথ্য গ্রহণ বা প্রত্যাখ্যান করতে পারেন, তবে কোনো ইউনিভার্সিটি সম্পর্কে আপনি বিশদভাবে জানতে আগ্রহী বলে আপনি ভাবছেন, সেটা সম্পর্কে জানায় এটি আপনার জন্য সহায়ক হতে পারে। এসব তথ্য হাতে রেখে আপনি বিভিন্ন ধরনের ক্যারিয়ার (বৃত্তি/পেশা) সম্পর্কে জানতে এবং প্রিয় পেশাগুলোর একটি তালিকা তৈরির জন্য ক্যারিয়ার ও ক্লাস্টার সন্ধানী ব্যবহার করতে পারেন। প্রতিটি তালিকায় বিভিন্ন ধরনের কলেজের সুপারিশ করা হতে পারে।

**কলেজ (Colleges) ট্যাব**: এই সেকশনে আপনি অনেক অনেক তথ্য-উপকরণ পাবেন। সেগুলো বিশদভাবে খুঁজে দেখবেন। কমন অ্যাপ্লিকেশনের জন্য ফাইন্যানশিয়াল এইড থেকে সামরিক বাহিনির পেশা পর্যন্ত বিভিন্ন বহুসংখ্যক আগ্রহোদ্দীপক ওয়েবসাইটের লিংক-এর জন্য কলেজ তথ্য-উপকরণ (college resources) লিংক দেখুন। অসংখ্য স্কলারশিপের সুযোগ সম্পর্কে তথ্যের জন্য স্কলারশিপ (scholarships) লিংক দেখুন। বিভিন্ন কলেজ সম্পর্কে জানার জন্য অনুসন্ধান করুন এবং উপভোগ করুন।

আপনি যখন কলেজ খোঁজার প্রক্রিয়া শুরু করবেন, তখন কোথায় অধিকাংশ সময় কাটাবেন, সেটা থাকবে “the colleges I’m thinking about” (যেসব কলেজ নিয়ে ভাবছি) সেকশনে। এই কলেজগুলো হলো সেসব কলেজ যেগুলোতে আপনার আগ্রহ আছে অথবা আপনার কলেজ কাউন্সেলর ব্যক্তিগত মিটিং-এর ফল হিসেবে আপনার অনুসন্ধানের জন্য নেভিয়ান্স-এ অন্তর্ভুক্ত করেছেন।

“the colleges I’m thinking about” সেকশন পরিদর্শনের জন্য সরাসরি সে ইউনিভার্সিটির ওয়েবসাইটের লিংক ব্যবহার করতে পারেন। যেহেতু এটি আলাদা একটি ট্যাব হিসেবে খুলবে, সেহেতু আপনি আপনার জার্নাল খুলতে পারবেন 'About Me' পেজ-এ এবং সেসব ওয়েবসাইট থেকে নোট টুকে নিতে পারবেন। আপনি যখন ইউনিভার্সিটি ওয়েবসাইটের ট্যাব বন্ধ করবেন, তখনও আপনি আপনার নেভিয়ান্স অ্যাকাউন্টে অবস্থান করবেন এবং তখনও আপনি অন্য ইউনিভার্সিটি অনুসন্ধান অব্যাহত রাখতে পারেন।

এছাড়াও আপনি তালিকায় থাকা ইউনিভার্সিটির নামটি ক্লিক করতে পারবেন। এর ফলে আপনি নেভিয়ান্সকে দেওয়া বিভিন্ন কলেজের নির্দিষ্ট তথ্য দেখতে পাবেন এবং আপনাকে স্টাইভেসান্ট-এর জন্য সুনির্দিষ্ট তথ্য প্রদান করবে। স্টাইভেসান্ট-এর অতিসম্প্রতি গ্র্যাজুয়েশন করা তিনটি ক্লাসের ভর্তি-বিষয়ক পরিসংখ্যান বর্তমানে পাওয়া যাচ্ছে, এবং 2024 সালের ক্লাসের উপাত্ত পাওয়া যাবে মধ্য-জুলাইতে। "General info", "Admissions", "Financial Aid", "Majors and Degrees", এবং "Student Life" ট্যাবগুলো পুরো সক্রিয় এবং এগুলোতে অসংখ্য প্রয়োজনীয় তথ্য রয়েছে।

আপনি যাতে কলেজে ভর্তির জন্য আমাদের গ্রহণযোগ্যতার পরিসংখ্যান বুঝতে পারেন, সেজন্য “scattergram” (স্ক্যাটারগ্রাম) একটি দৃষ্টিগ্রাহ্য বৈশিষ্ট। স্ক্যাটারগ্রামস্ বর্তমানে অতিসম্প্রতি গ্র্যাজুয়েশন করা তিনটি ক্লাসের তথ্য প্রদান করে এবং 2024 সালের ক্লাসের তথ্য পাওয়া যাবে সামারে (গ্রীষ্মে)। "scattergrams/graphs" (স্ক্যাটারগ্রামস্/গ্রাফস্) স্টাইভেসান্ট হাই স্কুলের উপাত্ত অন্তর্ভুক্ত করে যা একটি গ্রাফে GPA এবং ACT/SAT স্কোর সংযোজন করে। তথাপি, বহু কলেজ একটি সামগ্রিক ভর্তি প্রক্রিয়া অনুসরণ করে যাতে বহুসংখ্যক বাড়তি বিষয় অন্তর্ভুক্ত হয়। নেভিয়ান্স-এ আপনার ভর্তি বিষয়ক ড্যাটা ও স্ক্যাটারগ্রামস মনোযোগ দিয়ে পড়তে হবে কারণ দুটোর কোনোটিতেই শিক্ষার্থীর সুযোগ লাভের ক্ষমতা, পাঠ্যক্রমবহির্ভূত বিষয়ে প্রতিশ্রুতি, উত্তরাধিকার বিষয়ক অবস্থান, অ্যাথলেটিক অন্তর্ভুক্তি, কিংবা গুরুত্বপূর্ণ মৌলিক বিষয়গুলো সম্পর্কে জানায় না। গ্রাফ ও নেভিয়ান্স-এর উপাত্ত শুধু সাংখ্যিক প্যাটার্ন প্রতিফলিত করে, যে উপাত্ত শুধু গ্রাফে সংযোজন করা যায়, এবং তা ভর্তি প্রক্রিয়ার পূর্ণাঙ্গ জটিলতার প্রতিফলন করে না। স্টাইভেসান্ট-এ আপনার নির্ধারিত কলেজ কাউন্সিলারের সাথে কথা বলুন। নেভিয়ান্স ড্যাটা যে ধারণা দেবে, তাতে আপনি কম বা বেশি করে হলে হয়তো একজন প্রার্থী হবেন।

"যেসব কলেজগুলোতে আমি আবেদন করছি" (colleges I’m applying to), তার তালিকা: কোন স্কুলগুলোতে আপনি আবেদন করবেন, ফল-এ (শরতে) সে সিদ্ধান্ত গ্রহণের পর আপনাকে এই সেকশনে স্কুলগুলোর একটি তালিকা তৈরি করতে হবে বা "যেসব কলেজের কথা আমি

ভাবছি" *(colleges I'm thinking about*) সেকশন থেকে "যেসব কলেজে আমি আবেদন করছি" (*colleges I'm applying to*) সেকশনে স্থানান্তর করতে হবে। প্রতিটি প্রতিষ্ঠানের বিদ্যমান আবেদন পদ্ধতি ও আপনার অগ্রাধিকারের ভিত্তিতে আপনি কোন আবেদন পরিকল্পনা ব্যবহার করবেন, আপনাকে সেটা চিহ্নিত করতে হবে। আপনি প্রতিটি আবেদন পরিকল্পনার সাধারণ সংজ্ঞা পড়তে পারবেন এখানে। আপনার "colleges I'm applying to" (আমি যেসব কলেজে আবেদন করছি) তালিকাটি যাতে নির্ভুল হয়, সেটা নিশ্চিত করার জন্য আপনি দায়বদ্ধ। আপনি যদি Early Decision (অগ্রিম সিদ্ধান্ত) এবং/অথবা Early Action (অগ্রিম পদক্ষেপ)-এর মাধ্যমে আবেদন করে থাকেন, কিংবা আপনার আবেদনপত্র জমার যদি শেষ তারিখ থাকে, তাহলে আবেদনপত্র জমাদানের শেষ তারিখের (2) সপ্তাহ আগে আপনার কলেজ কাউন্সেলরকে সেটা জানানর দায়িত্ব আপনার। আপনি যদি আপনার কলেজ কাউন্সেলরকে জমাদানের শেষ তারিখের দুই (2) সপ্তাহের কম দিনের আগে জানান, তাহলে আপনার আবেদনপত্রের সকল উপকরণ যে সময়মত পাঠান হবে, তার নিশ্চয়তা থাকে না।

আপনার আবেদনপত্র যখন জমা দিয়ে দেবেন, অধিকাংশ ইউনিভার্সিটিগুলো আপনাকে একটি ওয়েব পোর্টালের 'লগ ইন' তথ্য প্রদান করবে যা আপনার আবেদনের নিম্নলিখিত প্রতিটি অংশের আগমন নজরে রাখার সুযোগ দেবে কী কী থাকে: আপনার ট্রান্সক্রিপ্ট, সিনিয়র ইয়ারের সময়সূচি, শিক্ষকের সুপারিশপত্র, SSR, স্কুল রিপোর্ট ফর্ম, সম্পূরক উপকরণ, ইত্যাদি। এছাড়াও নেভিয়ান্স স্টুডেন্ট অ্যাকাউন্টের মাধ্যমে আপনি আপনার পাঠানো সহযোগী ডকুমেন্টগুলোর অবস্থার প্রতিও নজর রাখতে পারবেন। কোনো ডকুমেন্ট বাদ পড়লে অনুগ্রহ করে আপনার কলেজ কাউন্সেলরকে জানিয়ে দেবেন। **অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে, ডকুমেন্ট জমা দেওয়া হয়ে গেলে সেটা কলেজ পোর্টালে প্রতিফলিত হতে এক থেকে তিন সপ্তাহের মতো সময় লাগে।** কোনো কিছু বাদ পড়লে আতঙ্কগ্রস্থ হবেন না। আপনার কলেজ কাউন্সেলর পরিস্থিতি সামাল দিতে সহায়তা করতে পারেন। আবারও বলছি, আপনার দায়িত্ব হলো আপনার আবেদনের প্রতিটি অংশের আগমনের প্রতি নজর রাখার দায়িত্ব আপনার।

**Planner Tab** (প্ল্যানার ট্যাব): এটি একটি ইলেক্ট্রনিক প্ল্যানার বুক। আপনি আপনার "goals" (লক্ষ্য) এবং "to-do-list" (করণীয় কাজের তালিকা) তৈরি করতে পারেন। আপনার কলেজ বা স্কুল কাউন্সেলর ক্ষেত্র বিশেষে আপনাকে মিটিং নোটিস-এর মতো কোনো "tasks" (করণীয় কাজ) দিতে পারেন।

## কলেজে ভর্তির পরিচিতি

অধিকাংশ স্টাইভেসান্ট শিক্ষার্থী চার বছরের কলেজে যাওয়া বেছে নেন। অধিকাংশ স্টাইভেসান্ট সিনিয়র বেশ কয়েকটি কলেজে আবেদন করেন। কলেজ অফিস শিক্ষার্থীদেরকে সর্বোচ্চ এক ডজনের কম কলেজে আবেদন করতে সুপারিশ করে।

কলেজে ভর্তির সিদ্ধান্ত নির্ভর করে প্রাথমিকভাবে নিম্নলিখিতগুলোর ওপর:

- ✓ ছয় বা সাত টার্ম-এর চূড়ান্ত কোর্স গ্রেডসহ আপনার হাই স্কুল ট্রান্সক্রিপ্ট
- ✓ হাই স্কুলে বিদ্যায়তনিকভাবে যে ডিগ্রি প্রাপ্তির জন্য আপনি নিজের সাথে চ্যালেঞ্জ করেছিলেন। খুব প্রতিযোগিতামূলক কলেজগুলো দেখতে চাইবে যে আবেদনকারীরা লভ্য AP বা অন্যান্য কলেজ স্তরের কোর্স গ্রহণ করেছে
- ✓ SAT এবং ACT-এর মতো প্রমিতমান পরীক্ষার স্কোর (www.fairtest.org থেকে পরীক্ষার ফলাফল বেছে নেওয়ার নীতি সম্পর্কে আরও জানুন)
- ✓ আপনার স্কুল কাউন্সিলারের সুপারিশ (SSR) এবং শিক্ষকের সুপারিশ
- ✓ পাঠ্যক্রমবিহর্ভূত কর্মকাণ্ড এবং কোনো উল্লেখযোগ্য প্রতিভা বা সাফল্য
- ✓ প্রদর্শিত আগ্রহ
- ✓ একটি ব্যক্তিগত রচনা
- ✓ সম্পূরক (কলেজ-ভিত্তিক) রচনা বা সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
- ✓ একটি সাক্ষাৎকার, যে ক্ষেত্রে আহ্বান জানানো হয়
- ✓ অন্যান্য বিশেষ উপাদানের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে অ্যালামনাইদের সন্তানদের অগ্রাধিকার, ভার্সিটি অ্যাথলেটিক্স-এ যোগদানের সক্ষমতা, আবেদনকারীর ভৌগলিক অবস্থান, আর্থিক অভাব না থাকা, কিংবা প্রথম প্রজন্মের কলেজ শিক্ষার্থী অথবা আর্থসামাজিকভাবে সুবিধাবঞ্চিত হওয়ার মতো কোনো প্রাসঙ্গিক বাস্তবতা।

কলেজ অফিস আপনাকে উৎসাহ দিচ্ছে একটি বিশাল সংখ্যক রকমারি কলেজ সম্পর্কে অনুসন্ধান ও গবেষণা করার। যেসব কলেজ আপনার জন্য সম্ভাব্য ভালো মানানসই হতে পারে, আপনি যে ধরনের প্রাতিষ্ঠানিক ও সামাজিক আবহাওয়ায় কলেজ অভিজ্ঞতার স্বপ্ন দেখেন,

সেটা আছে যে কলেজে, সেগুলো খুঁজে দেখুন। আপনার পছন্দের কলেজগুলোর চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে সেসব সম্ভাবনাময় কলেজগুলোকে যেগুলো আপনার সমতূল্য GPA অ্যাকাডেমিক ক্রেডেনশিয়াল অর্জন করা স্টাইভেসান্ট হাই স্কুল শিক্ষার্থীদের ভর্তির সুযোগ দিতে পারে। অনুগ্রহ করে গত বছরগুলোর কলেজে ভর্তির উপাত্ত দেখার এবং "colleges" (কলেজেস) ট্যাব-এর মাধ্যমে আলাদাভাবে কলেজগুলো সম্পর্কে অনুসন্ধান করতে নেভিয়ান্স-এ লগ অন করুন। যে কলেজটি আপনার জন্য কঠোরতাযুক্ত*, সম্ভব, এবং সম্ভাব্যতার মধ্যে/নিরাপদ স্কুল,* সেগুলো থেকে একটি কলেজ বেছে নিতে এসব উপাত্ত ব্যবহার করুন।

- *নাগাল থেকে দূরবর্তী বা কঠোরতাযুক্ত* – যেসব কলেজ আপনার জন্য ভর্তি হওয়া খুব কঠিন হতে পারে
- সম্ভব (*Possible*) – যেসব কলেজে আপনার ভর্তি হবার যুক্তিপূর্ণ সুযোগ রয়েছে। এটি "লক্ষ্যস্থিরকৃত"-এর সমার্থক প্রতিশব্দ
- "Likely (সম্ভাব্যতার মধ্যে) *অথবা Safety (নিরাপদ)* – সেসব কলেজ যেগুলোতে আপনার ভর্তির সুযোগ লাভের সম্ভাব্যতা খুব বেশি।
- এছাড়াও স্মরণ রাখবেন যে "financial safety" (আর্থিক সাশ্রয়ী) স্কুল... হলো সেসব কলেজ যেগুলো আপনাকে ভর্তির সুযোগ দেবে, শুধু তা নয়, আপনার পরিবারের জন্য সেগুলোর ব্যয়নির্বাহ করা সম্ভব। বহু পরিবারের জন্য সেগুলো হতে পারে CUNY বা SUNY স্কুল।

আপনার হাই স্কুল গড় নির্ভর করে ফিজিক্যাল এডুকেশন ছাড়া আপনার জুনিয়র ইয়ার-এর শেষ পর্যন্ত পাঠ্য সকল কোর্স গ্রেড-এর উপর। আপনি মিডল্ স্কুলে যে রিজেন্টস্ ক্লাসগুলো নিয়েছিলেন, তার সবগুলো আপনার গড়-এ অন্তর্ভুক্ত হবে। আপনার সিনিয়র ইয়ার-এর প্রথম টার্ম-এর শেষে, যেসব কলেজে আপনি আবেদন করেছেন, সেগুলোতে আপনার মধ্য-বার্ষিক গ্রেড পাঠানো হবে, কলেজগুলো সেগুলো পর্যালোচনা করবে; আবশ্যিকভাবে এর অন্তর্ভুক্ত আছে সকল কমন অ্যাপ কলেজ। কলেজগুলো সাবধানতার সাথে এসব গ্রেড পর্যালোচনা করবে যাতে ভর্তির সিদ্ধান্ত নিতে পারে। একটি শক্তিশালী প্রথম টার্ম সিনিয়র ইয়ার আপনার সুবিধালাভে জোরদার ভূমিকা রাখতে পারে। অপর পক্ষে সিনিয়র ইয়ার-এর একটি দুর্বল প্রথম টার্ম, আপনার ভর্তির সুযোগ লাভে বিরূপ ভূমিকা রাখবে।

কলেজ ভর্তি অফিসগুলো উচ্চতর পাঠ্যক্রম (AP) এবং হাই স্কুলে গ্রহণ করা অন্যান্য কঠোর ক্লাসগুলোকে গুরুত্ব দেয়। একজন ভর্তির দায়িত্বে থাকা ডিন-এর ভাষায় "...কলেজ দেখতে চায় আবেদনকারীর কঠোর কোর্স গ্রহণের আগ্রহের প্রতি ... এমন কি গ্রেড অল্প কম পাওয়ার বিনিময়ে হলেও।" এমন সিনিয়র প্রোগ্রাম বেছে নিন যা যথাযথভাবে কঠোর, বিশেষ করে আপনার আগ্রহের পাঠ্য বিষয়বস্তুতে। তবে, আমরা আপনাকে সেই প্রোগ্রাম গ্রহণের বিরুদ্ধে সাবধান করে দিতে চাই যেটাতে সফল হওয়া আপনার জন্য অনেক বেশি চ্যালেঞ্জিং। বহুসংখ্যক উচ্চতর পাঠ্যক্রম কোর্সসহ বেশি বেশি প্রোগ্রামের বোঝা নেবেন না। আপনাকে আপনার প্রোগ্রামে সারা বছরব্যাপী সফল হওয়ার সক্ষমতা দেখাতে হবে। এবং, আপনার স্বাস্থ্য সবসময় প্রথম অগ্রবিবেচ্য।

সিনিয়র ইয়ারের দ্বিতীয় টার্মের গ্রেড এবং গ্র্যাজুয়েশনের সনদ সম্পর্কে আপনি যে কলেজে ভর্তির পরিকল্পনা করছেন সেটাতে জানানো হয়। কিছু কিছু ক্ষেত্রে কলেজগুলো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে সহায়তালাভের জন্য আপনার টার্ম 2 সিনিয়র ইয়ার-এর প্রথম ও দ্বিতীয় মার্কিং পিরিয়ডের রিপোর্ট কার্ড গ্রেড প্রদানের অনুরোধ জানায় ও মূল্যায়ন করে। ***যদি সিনিয়র ইয়ার-এ আপনার বিদ্যায়তনিক ফলাফল তাদের মান পূরণ না করে, তাহলে সবগুলো কলেজের অধিকার আছে আপনার গ্রহণযোগ্যতা প্রত্যাহার করে নেওয়ার।***

## কলেজগুলো আবেদনকারীরদের মধ্যে কী খোঁজে

ভর্তির প্রক্রিয়ায় যেসব উপাদান ব্যবহার করা হয়, কিংবা প্রতিটা উপাদান যে গুরুত্ব বহন করে, সেটা কলেজ-ভেদে ভিন্ন হতে পারে। সে যা-ই হোক, কিছু সাধারণ ও গুরুত্বপূর্ণ উপাদানগুলোর বিবরণ নিচে দেওয়া হলো:

- **ট্রান্সক্রিপ্ট**

সাধারণত এটি আবেদনপত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক। আপনার কোর্সের গ্রেড, হাই স্কুলে যে ডিগ্রি প্রাপ্তির জন্য আপনি নিজের সাথে চ্যালেঞ্জ করেছিলেন, এবং আপনার শিক্ষায়তনিক অগ্রগতির ধারা হলো তিনটি বিষয় যা প্রার্থীদের ভর্তির জন্য মূল্যায়নকালে কলেজগুলো বিবেচনা করে। আপনার দায়িত্ব হলো মনোযোগ দিয়ে আপনার ট্রান্সক্রিপ্ট পড়া যাতে সঠিকতা নিশ্চিত করতে পারেন

- **প্রমিতমান পরীক্ষা**

পরবর্তী বছরে অনেক কলেজ এবং ইউনিভির্সিটি ভর্তিতে পরীক্ষার সুযোগ বেছে নেয়া (test-optional) নীতি অনুসরণ করবে বলে মনে করা হচ্ছে যেমনটি তাদের সর্ব সাম্প্রতিক ভর্তির সাইকেলে হয়েছে। কিন্তু, এতদসত্ত্বেও সিনিয়র বছরের ফল-এর (হেমন্তের) আগে ACT অথবা SAT পরীক্ষা প্রস্তুতি গ্রহণ হবে আমাদের সকল শিক্ষার্থীর জন্য বুদ্ধিমানের কাজ, কারণ পরীক্ষায় ভালো টেস্ট স্কোর পরীক্ষার সুযোগ বেছে নেয়া ভর্তি প্রক্রিয়ায় গুরুত্ব বহন করবে। শিক্ষার্থীরা আবেদন করা কলেজগুলোর কোনো কোনোটিতে বা সবটিতে তাদের পরীক্ষার স্কোর পাঠাবে কি-না, সিনিয়র বছরে সে সিদ্ধান্ত নিতে পারে। 2024 মার্চে জুনিয়রদেরকে একটি স্কুল-দিবসের SAT পরীক্ষার সুযোগ দেয়া হবে; আগামী মাসগুলিতে বিস্তারিত জানতে আপনার ইমেইল এবং স্টাইয়ের সাপ্তাহিক সংবাদে নজর রাখুন।

স্মরণ রাখা গুরুত্বপূর্ণ যে, বৈশ্বিক মহামারী কোভিড (COVID)-এর সময় ভর্তিতে পরীক্ষার সুযোগ বেছে নেয়ার নীতি বিস্তৃতি লাভ করেছে, এবং এর ফলে অধিকাংশ বাছাইকারী কলেজে আবেদনকারী বিপুলভাবে বৃদ্ধি পেয়েছে। কিছু অতিশয় বাছাইকারী কলেজে আবেদনকারী বৃদ্ধির হার শতকরা 40%-60% পর্যন্ত হতে দেখা গেছে। তবে, এসব কলেজ তাদের ফ্রেশম্যান (নবাগত) ক্লাসের আকৃতি বৃদ্ধি করেনি, এবং তারা অব্যাহতভাবে এই অভাবিত আবেদনকারী বৃদ্ধি দেখে আসছে। এটি কিছু কলেজকে 2020-এর আগে যেমনটি ছিলো, তার চাইতে অধিক কঠোর বাছাইকারী কলেজে পরিণত করেছে।

- **ব্যক্তিগত বিবৃতি/সম্পূরক রচনা**

আপনার ব্যক্তিগত বিবৃতি (কলেজ রচনা) হলো আপনার কলেজে ভর্তির আবেদনের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। রচনা আপনাকে একটি সুযোগ দেয় আপনার ব্যক্তিস্বাতন্ত্র্য প্রকাশের; এটা আপনাকে সমান গড় ও স্কোর পাওয়া অন্যান্য প্রার্থীদের থেকে আলাদা করে উপস্থাপনে সহায়তা করবে। আপনি আপনার বিশেষ আগ্রহ, মেধা, এবং প্রভাব বিস্তারকারী অভিজ্ঞতা ও মানুষদের সম্পর্কে লিখতে পারেন। যদি আপনার একমাত্র পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ড হয় কোনো চাকরি, তবে আপনি আপনার চাকরিটি আপনার এবং/অথবা আপনার পরিবারের জন্য কেমন অর্থবহ হয়ে আছে তা নিয়ে লিখতে পারেন। সাধারণ নিয়ম হলো, "রচনা হতে হবে এমন কোনো বিষয়ে, যা নিয়ে আপনি লিখতে পারেন"—এটাকে হতে হবে যথাসম্ভব সুনির্দিষ্ট, সাধারণীকরণবর্জিত, এবং আপনার জবানিতে। একটি সফল কলেজ রচনা লেখার ব্যাপারে লভ্য অনেকগুলো গাইডের একটিতে দেখে নেয়া সহায়ক হতে পারে। জুনে আমাদের কলেজ অফিস আপনার সাথে যেসব তথ্য-উপকরণ বিনিময় করেছে সেগুলি ব্যবহার করুন, এবং আপনার সিনিয়র বছরের ইংরেজি শিক্ষক এবং নির্ধারিত কলেজ কাউন্সেলরের সাথে কাজ করুন।

যেহেতু বহু শিক্ষার্থী কমন অ্যাপ্লিকেশন প্রক্রিয়া অনুসরণ করবে, সেহেতু অধিকাংশ কলেজের জন্য শুধু একটি প্রাথমিক কলেজ রচনা (ব্যক্তিগত বিবৃতি) প্রয়োজন, এছাড়াও অনেক কমন অ্যাপ কলেজ নির্দিষ্টভাবে স্কুলমুখী সম্পূরক বিষয়বস্তু জমা দিতে বলে। আপনি কোথায় আবেদন করতে পারেন, সেটা জানার পর আপনি এগুলোর প্রতি খুব ভালো করে দেখবেন, এবং প্রতিটি সম্পূরক বিষয়ের প্রতি আপনার প্রাথমিক রচনার মতোই পূর্ণ মনোযোগ দেবেন। *বহু কলেজ এগুলোকে আপনার ব্যক্তিগত বিবরণের চাইতে অধিক গুরুত্ব প্রদান করে!* পরিশেষে, রচনাগুলো সামার-এর (গ্রীষ্মের) মধ্যে লিখা শুরু করুন। কমন অ্যাপ্লিকেশন সাধারণত অগাস্ট-এর মধ্যেই পাওয়া যায়। রচনা লিখা সময়সাপেক্ষ বিষয়, আপনার নিজের স্বার্থেই একটি সন্তোষজনক খসড়া সামার-এর মধ্যে সম্পন্ন করুন।

- **সুপারিশ**

বহু কলেজের জন্য দুজন শিক্ষকের সুপারিশ আবশ্যিক। শিক্ষকের সুপারিশের চিঠি আসতে হবে গ্রেড 10 ও গ্রেড 11-এর দুজন প্রধান পাঠ্য বিষয়বস্তুর শিক্ষকের কাছে থেকে। আপনার নেভিয়াঙ্গ অ্যাকাউন্টের 'ডক্যুমেন্ট রিসোর্স'-এ পোস্টকৃত স্টাইভেসান্ট শিক্ষকের সুপারিশের চিঠির রূপরেখা দেখে নিন। অন্য গুরুত্বপূর্ণ প্রাপ্ত বয়স্ক ব্যক্তি যিনি আপনাকে খুব ভালভাবে জানেন এবং বিভিন্ন কর্মকাণ্ডে, যেমন গবেষণা, কমিউনিটি সর্ভিস, চাকরি, শিল্পকলা, ক্রীড়াবিদ, ইত্যাদিতে সক্রিয়ভাবে তত্ত্বাবধান করেছেন, তারাও আপনার আবেদনপত্রের সমর্থনে চিঠি দিতে পারবেন। এসব সম্পূরক সুপারিশমূলক চিঠি নির্দিষ্ট ক্ষেত্রটিতে আপনার ব্যতিক্রমী সাফল্য তুলে ধরতে হবে এবং অতিরিক্ত উল্লেখযোগ্য তথ্য সংযোজিত করতে হবে যা আপনার আবেদনপত্রে অন্যভাবে সংযুক্ত নেই। সম্পূরক সুপারিশগুলো আবেদন প্রক্রিয়ার বাধ্যতামূলক অংশ নয়, তাই অনুগ্রহ করে এমন একটির জন্য কোনো বাধ্যবাধকতার চাপ নেবেন না, এবং এমন একটি চিঠি ছাড়া আপনি কোনো সুবিধা থেকে বঞ্চিত হবেন না।

- **সিনিয়র গ্রেড**

কলেজগুলো আপনার সিনিয়র ইয়ার-এর গ্রেডগুলোকে, একইভাবে সিনিয়র ইয়ার-এর অ্যাকাডেমিক প্রোগ্রামগুলোকেও ভালো করে দেখে। প্রতিযোগিতামূলক কলেজগুলোর জন্য একটি কঠোর প্রোগ্রাম থাকা প্রয়োজন। অধিকাংশ প্রতিযোগিতামূলক কলেজ মধ্য-বার্ষিক সিনিয়র গ্রেড দেওয়া বাধ্যতামূলক করবে। আপনি যদি একজন ED/EA আবেদনকারী হন, তাহলে যেসব কলেজে আপনি আবেদন করেছেন, সেগুলো আপনার প্রার্থীতা বিবেচনা করার জন্য আপনার ফল (হেমন্ত) সেমিস্টার-এর প্রথম মার্কিং পিরিয়ডের গ্রেড দিতে বলতে পারে। আপনি যদি নিয়মিত সিদ্ধান্তের আবেদনকারী হয়ে থাকেন, তাহলে কলেজগুলো আপনার প্রার্থীতা মূল্যায়নে সহায়তার জন্য এমন কি আপনার সিনিয়র ইয়ার-এর দ্বিতীয় টার্ম মার্কিং পিরিয়ড 1 এবং/অথবা 2-এর গ্রেডও চাইতে পারে। তদুপরি, কলেজগুলো সাধারণত আপনি আপনার সিনিয়র ইয়ার-এর দ্বিতীয় টার্ম-এ যেসব কোর্স গ্রহণ করছেন, সেগুলোর তথ্য পর্যালোচনা করে, যাতে নিশ্চিত করা যায় যে, আপনি অব্যাহতভাবে প্রাতিষ্ঠানিক কঠোরতার মান বজায় রাখতে পারছেন।

- **কর্মকাণ্ড/পাঠ্যক্রম বর্হিভূত**

এছাড়াও আপনি ক্লাসরুমের বাইরে কী করেন, কলেজগুলো সেসব সম্পর্কেও জানতে আগ্রহী। কোনো শিক্ষার্থী, যে এক বা একাধিক পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডে উল্লেখযোগ্য আগ্রহ ও প্রতিশ্রুতি প্রদর্শন করছে, তারও খুব চাহিদা আছে। একজন শিক্ষার্থী যে কয়েকটি পাঠ্যক্রমবহির্ভূত কর্মকাণ্ডে উল্লেখযোগ্য একাগ্রতা ও প্রতিশ্রুতি প্রদর্শন করে, সে সাধারণত অধিকতর আকর্ষণীয় প্রার্থী হয়। applicant. তদুপরি, কলেজগুলো দেখতে চায় শিক্ষার্থীরা সামার-এর (গ্রীষ্মের) ছুটির সময়টিকে কোনো ভালো কাজে ব্যবহার করেছেন। ক্লাসরুমের বাইরে আপনার অর্জিত সাফল্য কিছু প্রতিযোগিতমূলক কলেজকে আপনাকে অন্যসব যোগ্য প্রার্থীদের চাইতে পৃথক বলে বিবেচনা করতে সাহায্য করে।

- **প্রদর্শিত আগ্রহ**

সাধারণভাবে বলতে গেলে, বহু কলেজ চায় এটা দেখতে যে, শিক্ষার্থীরা যেনো শুধু আবেদন জমাদানের চাইতে তাদের প্রতি অধিক আগ্রহ প্রদর্শন করে। তালিকাভুক্ত শিক্ষার্থীদের মধ্যে ভর্তি হওয়া শিক্ষার্থীর হার...অনুমান করা, বজায় রাখা, কিংবা "অর্জন" বৃদ্ধি করার জন্য এটা জানা তাদের প্রয়োজন। বহু কলেজের জন্য অর্জন একটি গুরুত্বপূর্ণ পরিসংখ্যান। এটি বিশেষ করে প্রকৃত ক্ষুদ্র বা মধ্যম আকৃতির কলেজগুলোর জন্য। কোনো কলেজের প্রতি আগ্রহ প্রকাশ করা যেতে পারে বিভিন্ন উপায়ে, তার মধ্যে আছে ক্যাম্পাস পরিদর্শন, কলেজ মেলায়, স্টাই-এর হাই স্কুল পরিদর্শনকালে তাদের প্রতিনিধিদের সাথে সাক্ষাৎ, সাক্ষাৎকার, ভার্চুয়াল তথ্য অধিবেশনের মাধ্যমে।.

## কলেজ খোঁজার সময় যেসব বিষয় বিবেচনা করতে হবে

কলেজ বাছাই হলো একটি বড় সিদ্ধান্ত নেওয়া। আপনি যাতে একটি বুদ্ধিদীপ্ত সিদ্ধান্ত নিতে পারেন, সেজন্য আপনাকে অনেক তথ্য সংগ্রহ করতে হবে এবং আপনার নির্দিষ্ট পছন্দসমূহ বিবেচনা করতে হবে। আপনি কে, কী করবেন বলে আশা করেন, এবং কোন ধরনের পরিবেশে ও স্থানে আপনি অবস্থান করতে চান, ইত্যাদি হল সেসব গুরুত্বপূর্ণ বিষয় যা আপনি একটি কলেজ-তালিকা তৈরি করার জন্য বিবেচনা করেন, যে তালিকা হবে এমনসব কলেজ নিয়ে যেগুলো আপনার জন্য ভালো "মানানসই" বা "উপযুক্ত" হওয়ার জন্য সম্ভাবনাময় হবে। এই কলেজগুলো সম্পর্কে যতটুকু সম্ভব জানতে চেষ্টা করবেন: কোন স্কুলগুলো আপনার আগ্রহের প্রোগ্রামগুলোর সুযোগ প্রদান করে, সেগুলোতে আবেদনের শর্তগুলো কী কী, সেসব স্কুলে লেখাপড়ার ব্যয় নির্বাহ করতে আপনার কতো খরচ হবে, ইত্যাদি বিষয়সমূহ। আপনার সবচেয়ে ভালো বন্ধুর জন্য সেরা স্কুলটি আপনার জন্য সেরা স্কুল না-ও হতে পারে; "নামকরা হিসেবে স্বীকৃতি" আছে, তেমন স্কুল আপনার জন্য যে সবচেয়ে ভালো মানানসই হবে, সেটা নিশ্চিত নয়। কোনো স্কুলকে বিচার করতে হলে খ্যাতি ছাড়া অন্যান্য বিষয়ও বিবেচনা করতে হবে। নিচের প্রশ্নগুলো তৈরি করা হয়েছে আপনি আবেদন করতে পারেন এমন কলেজগুলো বাছাই করার সময় আপনার বিবেচনা করা উচিত এমন বিষয়গুলোর অনেকগুলোকে মূল্যায়ন করতে আপনাকে সাহায্য করতে।

**আপনার আগ্রহ**

1. কোন কোন ক্ষেত্র ও পাঠ্য বিষয়ে আপনার সবচেয়ে বেশি আগ্রহ? আপনি যদি আপনার আগ্রহের পাঠ্য বিষয়বস্তু নিশ্চিত করতে না পারেন, অসুবিধা নেই! সেক্ষেত্রে আপনার জন্য সবচেয়ে ভালো হবে বহুসংখ্যক প্রোগ্রামের সুযোগসম্পন্ন কলেজ বা এমন কলেজ খোঁজা যেখানে অ্যাডভাইজরদের পরিষেবা পাওয়া সহজ।

2. আপনি প্রকৃতপক্ষে কেন কলেজে যেতে চান? আপনি অভিজ্ঞতা থেকে কী লাভ করবেন বলে প্রত্যাশা করেন?
3. আপনার শিক্ষায়তনিক ইতিহাসের ভিত্তিতে, কোনগুলো আপনার সামর্থ্য বলে আপনি অনুভব করেন?

**স্থান**

1. আপনি কী একটি বড় শহরে, কোনো শহতলীর কলেজ টাউনে, নাকি বড় শহর থেকে দূরবর্তী কোনো গ্রাম্য পরিবেশে একটি স্কুলকে বেশি পছন্দ করেন?
2. আপনি কি অধিকতর পছন্দ করেন বাড়ির নিকটবর্তী কোনো স্কুল যেখান থেকে আপনি উইকঅ্যান্ড বা অল্পদিনের ছুটিতে সহজেই বাড়ি যেতে পারবেন?
3. হয়তো এমন একটি স্কুলে যেতে চান, যেটা আপনার পরিবারের জন্য আর্থিকভাবে নাগালের মধ্যে এবং দেখতে যেতে সহজ হবে?

**শিক্ষকমণ্ডলী**

1. কলেজটি কি আপনি আগ্রহী এমন প্রোগ্রাম(সমূহ)-এর অফার দেয়?
2. কলেজটি কি বিশেষ কোনো প্রোগ্রামের জন্য পরিচিত?
3. কোর্সের শর্ত, মেজর বাছাই, ডাবল্ মেজর করা, এবং আশেপাশের কোনো স্কুলে ক্রস রেজিস্টার করা, ইত্যাদি সম্পর্কে স্কুলটির নীতি কী কী?
4. আপনি আগ্রহী এমন প্রোগ্রাম(সমূহ)-এর শক্তি বা দুর্বলতাগুলো কী কী?
5. শিক্ষার্থী-শিক্ষক অনুপাত কতো? সেখানকার একটি নিয়মিত ক্লাসে কতজন শিক্ষার্থী আছে?
6. অধিকাংশ ক্লাসে কোনো পূর্ণকালের প্রফেসর না গ্র্যাজুয়েট শিক্ষার্থী পড়িয়ে থাকেন?
7. কলেজের প্রফেসরগণের কাছে কতটুকু অভিগম্যতা রয়েছে? আন্ডারগ্র্যাজুয়েটদের কি প্রফেসরদেরকে তাদের গবেষণার কাজে সাহায্য করার সুযোগ আছে?
8. কোনো মূল পাঠ্যক্রম আছে কি? সেখানে কি 'ডিস্ট্রিবিউশন' বাধ্যতামূলক? পাঠ্যক্রম সম্পর্কে সিদ্ধান্তগ্রহণ কি প্রধানত শিক্ষার্থীর উপর ন্যস্ত করা হয়?
9. স্কুলটি কি অ্যাডভান্সড্ প্লেসমেন্ট ক্রেডিট গ্রহণ করে? কোনো ন্যূনতম স্কোরের প্রয়োজন আছে কি?
10. স্কুলটিতে কোনো অনার্স প্রোগ্রাম লভ্য আছে কি? কে অংশগ্রহণের যোগ্য?
11. কলেজটি কি বিদেশে বা U.S.-এর অন্য কোনো ক্যাম্পাসে অধ্যয়নের অফার/উৎসাহ দেয়?
12. ফ্রেশম্যানদের শতকরা কতজন সোফোমোর ইয়ার-এ ফিরে আসে?
13. গ্র্যাজুয়েটদের অধিকাংশ কি গ্র্যাজুয়েশন করে অবিলম্বে গ্র্যাজুয়েট স্কুলে চলে যান? চিকিৎসা (মেডিক্যাল), আইন (ল), বা ব্যবসা শিক্ষা (বিজনেস) স্কুলগুলোতে গৃহীত হওয়ার হার কতো?
14. কতজন গ্র্যাজুয়েট সরাসরি চাকরির বাজারে যোগদান করেন? সেখানে কি কোনো ক্যারিয়ার সার্ভিসেস অফিস আছে যা শিক্ষার্থীদেরকে গ্র্যাজুয়েশনের পর সামার ইন্টার্নশিপ এবং চাকরি খুঁজে পেতে সাহায্য করে? কোন প্রতিষ্ঠানগুলো ক্যাম্পাসে রিক্রুট করে?
15. শিক্ষার্থীদের জন্য কলেজে থাকাকালে হাতে-কলমে কাজের অভিজ্ঞতালাভের কোনো সুযোগ আছে কি? সেগুলোর কোনোটি কি বেতন বা বৃত্তি প্রদান করে?

**শিক্ষার্থী সংখ্যা ও শিক্ষার্থীসমাজ**

1. ক্ষুদ্রায়তন স্কুল হয়তো অধিকতর যত্নশীল ও সহায়ক হয় যেখানে বৃহত্তর স্কুলগুলো শিক্ষায়তনিক ও সামাজিক, উভয় দিক দিয়ে অধিকতর বৈচিত্র্যের অফার দিতে পারে। কিছু কিছু ক্ষুদ্র কলেজ কনসোর্টিয়াভুক্ত থাকে যা তাদেরকে সহায়তাপ্রদানকারী পরিবেশ বজায় রেখেও সক্ষমতা দেয় অধিকতর সহায়-সঙ্গতি প্রদানের।
2. কলেজটি কি ক্ষুদ্রাকৃতি (শিক্ষার্থীসংখ্যা 2000-এর কম), মধ্যমাকৃতির, কিংবা বৃহদাকৃতির (15,000-এর বেশি শিক্ষার্থী)? আপনি কতো ঘন ঘন বৃহদাকৃতির বক্তৃতার ক্লাস বনাম ক্ষুদ্রাকৃতির ক্রিয়াপ্রতিক্রিয়ামূলক ক্লাসে অংশগ্রহণ করবেন? কলেজটিতে কি গ্র্যাজুয়েট শিক্ষার্থী রয়েছেন?
3. কলেজটি কি জাতিগত/জাতিগোষ্ঠীগত/আর্থসামাজিকভাবে বৈচিত্র্যমণ্ডিত? সেটা কীভাবে?
4. কলেজটি কি পুরো U.S. এবং বিশ্বের শিক্ষার্থীদের আকৃষ্ট করে না-কি বৃহদাংশের শিক্ষার্থী নিকটবর্তী অঞ্চল থেকে আসেন?
5. শিক্ষার্থীরা কী রকম? ঐতিহাসিকভাবে, কোন ধরনের শিক্ষার্থী বিশেষভাবে এই কলেজটির প্রতি আগ্রহী এবং তার কারণ কী?
6. কোন ধরনের শিক্ষার্থী সংগঠনগুলো ক্যাম্পাসে সক্রিয় (রাজনৈতিক দল, কলেজ নিউজপেপার, স্টুডেন্ট গভর্নমেন্ট, স্বেচ্ছাসেবক/মেন্টরিং গ্রুপ, ইত্যাদি)?
7. ছেলে/মেয়ে অনুপাত কতো?
8. ক্যাম্পাসে কোন ধরনের ধর্মীয় জীবনধারা বিদ্যমান?
9. স্কুলটি কি আমার বিশেষ প্রয়োজন মেটাতে পারবে (খাদ্য/ধর্মীয়/চিকিৎসাবিষয়ক/বিদ্যায়তনিক)?
10. শিক্ষার্থীরা কি প্রধানত বসবাস করে ক্যাম্পাসে, ক্যাম্পাসের বাইরে, নাকি অধিকাংশ শিক্ষার্থী বাড়ি থেকে আসে?
11. ক্যাম্পাসের সামাজিক জীবন কেমন? ছেলেদের সংগঠন এবং মেয়েদের সংগঠন কতটুকু গুরুত্বপূর্ণ? ভার্সিটি স্পোর্টস্?

**অর্থসংক্রান্ত বিষয়**

1. স্কুলটিতে পড়ালেখা করতে কতো ব্যয় হবে (ট্যুইশন, ফিস, থাকা-খাওয়া, বইপত্র, ক্যাম্পাসে যাতায়াত, এবং হাতখরচসহ)? ব্যয় সম্পর্কে অগ্রিম ধারণা পেতে প্রতিষ্ঠানটির *নেট প্রাইস ক্যালকুলেটর* (প্রকৃত ব্যয় পরিমাপক) ব্যবহার করুন।
2. আমি কী ফাইন্যানশিয়াল এইড পাওয়ার যোগ্য হবো? ফাইন্যানশিয়াল এইড-এর পরিমাণটা কি নমনীয়? কলেজটি কি মেধা বৃত্তি প্রদান করে/ট্যুইশন ডিসকাউন্ট, কিংবা আর্থিক সহায়তা কি একমাত্র আর্থিক চাহিদাভিত্তিক?
3. আমি কি গ্র্যাজুয়েট স্কুল পর্যন্ত থাকবো? আমার আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষায় আমি কতো ব্যয় করতে পারবো এটা কি তার উপর কোনো প্রভাব ফেলবে?

**ব্যবস্থা**

1. কলেজের লাইব্রেরি ও কম্পিউটারের সুযোগ-সুবিধা কেমন?
2. পর্যাপ্ত ক্রীড়া ও বিনোদনের ব্যবস্থা আছে কি (যেমন সুইমিং পুল, নন-ভার্সিটি খেলোয়াড়দের জন্য অ্যাথলেটিক ফিল্ড, মিউজিক প্র্যাকটিস রুম)?
3. একটি বিশাল বিস্তৃত আন্তঃকলেজিয়েট ও অভ্যন্তরীণ স্পোর্টস প্রোগ্রাম লভ্য আছে কি? মেয়েদের জন্য কোন সুযোগ-সুবিধা ও প্রোগ্রাম লভ্য আছে?

**জীবন-যাপন ব্যবস্থা/নিরাপত্তা/অভিগম্যতা**

1. ক্যাম্পাসে তাৎক্ষণিকভাবে আবাসিক আয়োজন আছে কি? ক্যাম্পাসের অভ্যন্তরে (অন-ক্যাম্পাস) পুরো চার বছরের জন্য আবাসনের নিশ্চয়তা আছে কি?
2. ডর্মগুলো কি সহশিক্ষা? বাথরুমগুলো? একক লিঙ্গের ডর্ম লভ্য আছে কি? লিঙ্গ-নিরপেক্ষ আবাসন বা রেস্টরুম আছে কি?
3. বিকল্প বাসস্থানের ব্যবস্থা লভ্য আছে কি?
4. ক্যাম্পাস কতটুকু নিরাপদ? কলেজ কীভাবে ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করে?
5. কম প্রতিনিধিত্বমূলক শিক্ষার্থীদের জন্য কিংবা LGTBQ শিক্ষার্থী এবং অন্যান্য অনুরূপ শিক্ষার্থী গ্রুপগুলোর সহায়তার কেমন ব্যবস্থা আছে?
6. যোগ্য শিক্ষার্থীদের জন্য শিক্ষণে কোন ধরনের শিক্ষাগত বিশেষ সুবিধা ব্যবস্থা/সহায়তা বিদ্যমান, এবং এসব পরিষেবা কীভাবে পাওয়া যায়? এইসব পরিষেবার সুবিধা শিক্ষার্থীরা কীভাবে পেতে পারে?

## কলেজগুলো সম্পর্কে কোথায় তথ্য পাওয়া যাবে

U.S.-এর অভ্যন্তরে ও বিদেশে শত শত অসাধারণ কলেজ সম্পর্কে জানার বহু রাস্তা আছে। স্টাইভেসান্ট-এ যেসব তথ্য-উপকরণ আছে, সেগুলোর সুযোগ গ্রহণ করুন এবং সেসব কলেজ ক্যাম্পাস সম্পর্কে গবেষণা করুন ও সবচেয়ে আগ্রহের কলেজগুলো পরিদর্শনের চেষ্টা করুন।

- কলেজ ওয়েবসাইট, বিশেষ করে তাদের অ্যাডমিশন পেজ
- বিভিন্ন কলেজ গাইড (যেমন *'ফিস্কে গাইড টু কলেজেস্'* ইত্যাদি)
- আপনার কলেজ কাউন্সেলরদের কলেজ অফিসে 225 নম্বর কক্ষে পাওয়া যাবে
- 2024 সালের ফেব্রুয়ারিতে জুনিয়র কলেজ তথ্য সন্ধ্যা
- স্টাইভেসান্টের বিশেষ অনুষ্ঠান যেমন স্প্রিংস ইনটু প্যানেল এবং আমাদের বার্ষিক কলেজ মেলা (TBD)
- বিভিন্ন কলেজ আয়োজিত ওপেন হাউস-এ অংশগ্রহণ করুন
- কলেজ মেলা; NACAC সম্পর্কেআরও তথ্যের জন্য এখানে ক্লিক করুন
- *অকুপেশন্যাল আউটলুক হ্যান্ডবুক* হলো এসব পেশাগুলোর জন্য প্রয়োজনীয় পেশাগত ও শিক্ষাগত প্রস্তুতি বিষয়ে তথ্যলাভের অসাধারণ একটি উপায় যা পাওয়া যাবে অনলাইনে https://www.bls.gov/ooh/ ওয়েবপেজে।
- কলেজ ক্যাম্পাস পরিদর্শন
- তথ্য পরিচালনা ও আপনাদের প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সিনিয়র ইয়ার-এর ফল-এ (হেমন্তে) কলেজ অ্যাডমিশন রিপ্রেজেনটেটিভগণ স্টাইভেসান্ট পরিদর্শন করবেন স্কুল খোলা থাকাকালে।

## প্রমিতমান পরীক্ষার তথ্য

COVID বিশ্বমারীর আগে, ACT অথবা SAT স্কোর অধিকাংশ চার বছরের কলেজগুলির ভর্তি প্রক্রিয়ায় আবশ্যিক ছিল। যেহেতু অনেক কলেজে এখন পরীক্ষার সুযোগ বেছে নেয়ার নীতি প্রচলিত, এবং কিছু কলেজে পরীক্ষাদান-কোনো বিষয় নয়/পরীক্ষাদান ছাড়া, আমাদের পরামর্শ হবে, আপনি জুনিয়র শিক্ষার্থী হিসেবে ACT অথবা SAT পরীক্ষা দিন, কারণ পরীক্ষার স্কোর পরীক্ষার সুযোগ বেছে নেয়ার নীতির ভর্তি প্রক্রিয়াতেও একটি শক্তিশালী ভূমিকা পালন করে। প্রয়োজন হলে আপনার সিনিয়র ইয়ার-এর ফল (হেমন্ত)-এ আবার পরীক্ষা দেবেন।

**PSAT/NMSQT** (প্রিলিমিনারি SAT/ন্যাশন্যাল মেরিট স্কলারশিপ কোয়ালিফাইং টেস্ট) জটিল পাঠদক্ষতা, গণিতের সমস্যা-সমাধান দক্ষতা, এবং লেখালেখির দক্ষতা যাচাই করে। আমাদের জুনিয়ররা ন্যাশন্যাল মেরিট স্কলারশিপ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য স্টাইভেসান্ট-এ ডিজিটাল পরীক্ষায় অংশগ্রহণ করে। যদি আপনার স্কোর 99 পারসেন্টাইল-এ থাকে, তাহলে আপনি একজন ন্যাশন্যাল মেরিট সেমাই-ফাইনালিস্ট হবেন। ন্যাশনাল মেরিট ফাইনালিস্টগণ নির্বাচিত হন সিনিয়র ইয়ার-এ এবং তারা কলেজ স্কলারশিপ পেতে পারেন। তবে, PSAT/NMSQT স্কোরগুলো কলেজের আবেদনের বাধ্যবাধকতার অংশ *নয়*।

**SAT** একটি পরীক্ষা যা সম্পন্ন করতে আনুমানিক দুই ঘণ্টা লাগে। চলমান SAT একটি অভিযোজনযোগ্য, ডিজিটাল এবং প্রাথমিকভাবে মাল্টিপল্ চয়েস পরীক্ষা।

ACT, Inc., পরিচালিত **ACT** হলো SAT-এর একটি বিকল্প ধরনের মূল্যায়ন। কলেজের ভর্তির অফিসগুলি কর্তৃক কোনো পরীক্ষারই একটির থেকে অপরটির অধিক মূল্য নেই; শিক্ষার্থীরা যে কোনোটি ব্যবহার করতে পারে। শিক্ষার্থীরা ঐচ্ছিক রচনাসহ ACT পরীক্ষা দিতে পারে কিন্তু ঐ রচনা এখনকার কলেজ ভর্তি প্রক্রিয়ায় অনেক সময় কোনো ভূমিকা নাও রাখতে পারে। পরীক্ষাটি সম্পর্কিত আরও তথ্যের জন্য www.act.org সাইট দেখুন।

শিক্ষার্থীদের দায়িত্ব হলো এটা নিশ্চিত করা যে আপনি যেসব কলেজে আবেদন করছেন, সেগুলোতে আপনার ACT কিংবা SAT স্কোর রিপোর্ট পাঠানো হয়েছে। এই কাজটি করা যেতে পারে পরীক্ষাগ্রহণকারী কোম্পানির ওয়েবসাইটের মাধ্যমে, যদিও বহু কলেজ এখন self-reported scores (শিক্ষার্থী-কর্তৃক জানানো স্কোর) গ্রহণ করে। সাধারণভাবে, কলেজগুলি SAT-র প্রতিটি আলাদা সেকশনে আপনার সর্বোচ্চ স্কোর বিবেচনা করবে।

আর্থিকভাবে সুবিধাবঞ্চিত যেসব শিক্ষার্থীর income verification forms (আয় যাচাই ফর্ম) অনুযায়ী নির্ণীত মিল কোড A, 1 কিংবা 2 আছে, তাদের জন্য SAT এবং ACT পরীক্ষাগুলোতে **ফি মওকুফ** লাভের সুযোগ আছে। যোগ্য শিক্ষার্থীদেরকে কলেজ অফিস থেকে এসব ফি মওকুফ গ্রহণ করতে পারবে।

**পরীক্ষায় বিশেষ সুবিধার ব্যবস্থা:**

- রবিবার পরীক্ষা দেওয়ার সুযোগ আছে শুধু সেসব শিক্ষার্থীর, যে ধর্মীয় কারণে শনিবারে পরীক্ষায় অংশ নিতে পারবে না। রবিবারে পরীক্ষা দেওয়া সম্পর্কে তথ্য জানতে হলে অনুগ্রহ করে https://collegereadiness.collegeboard.org/sat/register/special-circumstances/request-sunday-testing এবং/অথবা https://www.act.org/content/act/en/products-and-services/the-act/registration.html ওয়েবপেজ দেখুন।
- যেসব শিক্ষার্থীদের প্রমাণিত প্রতিবন্ধিত্ব আছে, তারা পরীক্ষায় বিশেষ ব্যবস্থার সুযোগ লাভ করতে পারে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে https://collegereadiness.collegeboard.org/sat/register/special-circumstances/students-with-disabilities and/or http://www.act.org/content/act/en/products-and-services/the-act/registration/accommodations.html ওয়েবপেজ দেখুন।
- যেসব শিক্ষার্থী Wait list (SAT) (অপেক্ষা তালিকা) কিংবা যেসব শিক্ষার্থী বিলম্বিত শেষ তারিখে রেজিস্ট্রেশন করেছে, তাদের জন্য তাৎক্ষণিক পরীক্ষা (ACT) দেওয়া সম্ভব হতে পারে। অপেক্ষা তালিকা বা তাৎক্ষণিক পরীক্ষা (স্ট্যান্ডবাই টেস্টিং) ব্যবস্থায় আপনি যে পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন, কখনই তার কোনো নিশ্চয়তা থাকে না। পরীক্ষা কেন্দ্রগুলো স্ট্যান্ডবাই থাকা শিক্ষার্থীদেরকে পর্যাপ্ত স্থান, পরীক্ষা উপকরণ এবং স্টাফ থাকা সাপেক্ষে আগে এলে আগে পাবেন ভিত্তিতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিয়ে থাকে। ***যতটুকু সম্ভব স্ট্যান্ডবাই পরীক্ষাদান পরিহার করবেন!*** বিস্তারিত জানতে পরীক্ষা গ্রহণকারী কোম্পানির ওয়েবসাইট দেখুন
- রাশিং (দ্রুত) স্কোর: কলেজ বোর্ড এবং act.org বাড়তি ফি দিয়ে "score rushing" (দ্রুত স্কোর প্রদান) সার্ভিস প্রদান করে। দ্রুত স্কোর প্রদান করলে সাধারণত সেটা আপনার স্কোর কলেজগুলোতে এক সপ্তাহ বা দেড় সপ্তাহ পর্যন্ত আগে পৌঁছে দিতে পারে; তবুও, *সকল কলেজ রাশিং স্কোর গ্রহণ করে না।* লক্ষ্য করবেন যে, দ্রুত পাঠানো (রাশড্) স্কোর আরও আগে পৌঁছাবে, কোনো কোনো সময় সেটা প্রক্রিয়াকরণ করতে কলেজের কিছুটা সময় লাগতে পারে, কারণ সেগুলো পাঠানো হয় কাগজে। এছাড়াও, দ্রুত স্কোর জানিয়ে দেওয়ার অর্থ নয় দ্রুত স্কোর করা। দ্রুত স্কোর করা পরিহার করার জন্য আগে থেকে সময় অনুযায়ী পরিকল্পনা ও সময়সূচি ঠিক করে রাখুন।

| | |
|---|---|
| **টেস্ট সেন্টার হিসেবে স্টাইভেসান্ট হাই স্কুলের কোড:** | **33684 (SAT); 207200 (ACT)** |
| **স্টাইভেসান্ট হাই স্কুলের CEEB কোড:** | **334070 (ACT এবং SAT, উভয়টি)** |

## আবেদনের পরিকল্পনাসমূহ

**অগ্রিম আবেদনের সুযোগ**

- আগে সিদ্ধান্ত (ED): গ্রহণযোগ্যতার সিদ্ধান্ত বাধ্যতামূলক। ED পরিকল্পনার অধীনে একজন শিক্ষার্থী শুধু ED-এর মাধ্যমে একটি প্রতিষ্ঠানে আবেদন করতে পারবেন, কিংবা তিনি একাধিক প্রতিষ্ঠানে সে রাউন্ডে ED পরিকল্পনার মাধ্যমে আবেদন করতে পারবেন না। আপনি যদি কোনো অগ্রিম সিদ্ধান্ত গ্রহণ আবেদন থেকে অ্যাকসেপটেন্স লেটার পান, তাহলে আপনাকে অবশ্যই অন্য সব কলেজকে এটা জানিয়ে দিতে হবে যে আপনি এমন একটি অফার পেয়েছেন এবং আপনি তাদের কাছ থেকে আবেদন প্রত্যাহার করে অন্য কিছু নিচ্ছেন। আপনাকে অবশ্যই আপনার কলেজ কাউন্সেলরকে সরাসরি বা ইমেইলে সেটা জানাতে হবে।

- আগে সিদ্ধান্ত II (ED II): বহু প্রতিযোগিতামূলক কলেজ ED II পরিকল্পনার সুযোগ দেয়। ED II আবেদনের মাধ্যমে আবেদনের শেষ তারিখ হয় ED-এর শেষ তারিখের পরে, গ্রহণযোগ্যতার সিদ্ধান্তও বাধ্যতামূলক। যদি কোনো শিক্ষার্থী ED পরিকল্পনার মাধ্যমে কলেজ A-তে আবেদন করে থাকে, তাহলে সে কলেজ B-তে তার ED II পরিকল্পনায় আবেদন করতে পারবে না যতক্ষণ না তার আবেদনপত্র কলেজ A কর্তৃক প্রত্যাখ্যাত হয়।
- আগে পদক্ষেপ (EA): EA পরিকল্পনার অধীনে কোনো শিক্ষার্থী একাধিক কলেজে আবেদন করতে পারবে। গ্রহণযোগ্যতার সিদ্ধান্ত বাধ্যতামূলক নয়। শিক্ষার্থীরা 1 মে পর্যন্ত সময় পাবে ভর্তি হবে কি না, সে সিদ্ধান্ত গ্রহণের জন্য।

- নিষেধমূলক আগে পদক্ষেপ: এটি একটি কম বাধ্যতামূলক আগে আবেদন পরিকল্পনা যাতে EA বা ED-এর মাধ্যমে অন্যত্র কোথায় কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবে, তার উপর নিষেধ অন্তর্ভুক্ত আছে। Read the REA policy carefully to fully understand any restrictions. শিক্ষার্থীরা 1 মে পর্যন্ত সময় পাবে ভর্তি হবে কি না, সে সিদ্ধান্ত গ্রহণের জন্য।

প্রতিটি শিক্ষার্থীর দায়িত্ব হলো সাবধানতার সাথে প্রতিটি কলেজের ED এবং EA নীতি পাঠ করা ও মেনে চলা। শিক্ষার্থীর ও পরিবারের দায়িত্ব হলো নিশ্চিত করা যে তারা বিভিন্ন কলেজের ED এবং EA নীতি, সাথে সাথে বিভিন্ন কলেজের ফাইন্যানশিয়াল এইডের সাথে সম্পর্কিত ED নীতিও মেনে চলছেন। যেসব ED আবেদনকারীগণ ফাইন্যানশিয়াল এইড পেতে চাইছেন, তাদেরকে প্রতিষ্ঠানটির 'নেট প্রাইস ক্যালকুলেটর' (প্রকৃত মূল্য নির্ণায়ক) ফর্ম পূরণ করতে এবং ED সম্মতি প্রদানের আগে পারিবারিকভাবে ফলাফল নিয়ে ভাবতে হবে।

**নিয়মিত সিদ্ধান্ত**

ডিসেম্বর, জানুয়ারি, এমনকি স্প্রিং-এর (বসন্তের) পরের দিকে জমাদানের শেষ সময়সহ RD সাধারণ অ্যাডমিশন রাউন্ডের প্রতি নির্দেশ করে। গ্রহণযোগ্যতার সিদ্ধান্ত বাধ্যতামূলক নয়। ভর্তি হয়ে যাওয়ার পর আবেদনকারী কলেজটিতে অংশগ্রহণ করতে বেছে নিলেন কি না, সেটা 1 মে পর্যন্ত কলেজকে জানাবার সময় পাবেন।

**চলমান ভর্তি**

চলমান ভর্তি প্রক্রিয়া বলতে এটা বুঝায় যে, কলেজগুলোর ভর্তি অফিস পূরণ করা আবেদনপত্র পাওয়ার সাথে সাথে শিক্ষার্থীর আবেদনপত্র বিবেচনা করবে। শিক্ষার্থীর ভালোর জন্যই তার আবেদনপত্র নতুন ক্লাসের ধারণক্ষমতা পূর্ণ হওয়ার যতো শীঘ্র সম্ভব জমা দেওয়া উচিৎ, বিশেষ করে জনপ্রিয় সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ক্ষেত্রে। সিদ্ধান্ত ইস্যু করা হতে পারে সিদ্ধান্ত গ্রহণের কয়েক সপ্তাহের মধ্যে। শিক্ষার্থীদেরকে অগ্রাধিকার ফাইল করার তারিখের জন্য কলেজ ওয়েবসাইট দেখতে হবে, যদি সেটা সম্ভব হয়, তাহলে শিক্ষার্থীরা বাড়তি স্কলারশিপের যোগ্য হবে। বহু স্টেট ইউনিভার্সিটির পাশাপাশি কিছু প্রাইভেট কলেজও চলমান (রোলিং) ভর্তি প্রক্রিয়া ব্যবহার করে। চলমান ভর্তিতে বাধ্যবাধকতা নেই। শিক্ষার্থীরা 1 মে পর্যন্ত সময় পাবে ভর্তি হবে কি না, সে সিদ্ধান্ত গ্রহণের জন্য।

**আপনি এইসব আবেদনপত্রের পরিকল্পনা সম্পর্কে আরও পড়তে পারবেন এখানে।**

# স্টাইভেসান্ট হাই স্কুল কলেজ হ্যান্ডবুক

www.stuy.edu

## কলেজের আবেদনপত্রের প্রাসঙ্গিক উপকরণগুলো জমাদানের চার্ট-কে কী জমা দেবেন?

| কলেজ আবেদনের আবশ্যিক বিষয়সমূহ | দায়িত্বশীল পক্ষ | কীভাবে/কখন |
|---|---|---|
| পরীক্ষার স্কোর (SAT অথবা ACT) | শিক্ষার্থী | পাঠাতে হবে www.collegeboard.org কিংবা https://www.act.org/-এর মাধ্যমে।<br><br>অথবা প্রযোজ্য হলে স্ব-রিপোর্টকৃত স্কোর |
| অনলাইন আবেদন | শিক্ষার্থী | শেষ তারিখের মধ্যে ইলেক্ট্রনিকভাবে জমা |
| রচনা বা সম্পূরক/সম্পূরক সুপারিশপত্র/আবশ্যিক সকল SRAR | শিক্ষার্থী | শেষ তারিখের মধ্যে ইলেক্ট্রনিকভাবে জমা |
| *SSR (সেকেন্ডারি স্কুল রিপোর্ট) | **কলেজ অফিস** | ট্রান্সক্রিপ্টসহ ইলেক্ট্রনিকভাবে জমাদানের শেষ তারিখের মধ্যে স্কুল কাউন্সেলরের চিঠিসহ জমাকৃত |
| *ট্রান্সক্রিপ্ট এবং কোর্স-এর সময়সূচি | **কলেজ অফিস** | SSR-সহ শেষ তারিখের মধ্যে ইলেক্ট্রনিকভাবে জমাকৃত |
| *স্কুল প্রোফাইল | **কলেজ অফিস** | ট্রান্সক্রিপ্ট ও SSR-সহ ইলেক্ট্রনিকভাবে জমাকৃত |
| **মধ্য-বাৎসরিক রিপোর্ট (7 সেমেস্টার গ্রেড) | **কলেজ অফিস** | ফল (হেমন্ত) সেমেস্টারের সকল গ্রেড পাওয়া হলে পাঠানো হয়। |
| *শিক্ষকের সুপারিশের চিঠি | **শিক্ষক (কলেজ অফিস নয়)** | শেষ তারিখের মধ্যে সাধারণত নেভিয়েন্স, অথবা ওয়েব পোর্টালের মাধ্যমে |

*** অধিকাংশ ক্ষেত্রে কলেজগুলো শেষ তারিখটির অব্যবহিত পরে জমা দেওয়া আবশ্যিক স্কুল ডকুমেন্টগুলো গ্রহণ করে**
****কিছু কিছু কলেজে EA/ED/REA আবেদনকারীদেরকে মধ্য-বার্ষিক রিপোর্টের অতিরিক্ত প্রথম মার্কিং পিরিয়ড গ্রেড বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে**

## কলেজ পরিকল্পনার সময়রেখা- 11 এবং 12 গ্রেড

### জুনিয়র বছর

**ফল (হেমন্ত) টার্ম**

- PSAT/NMSQT-এর জন্য প্রস্তুতি। এছাড়া এই পরীক্ষাটি একটি **ন্যাশন্যাল মেরিট স্কলারশিপ** যোগ্যতানির্ধারণী পরীক্ষা। তদুপরি এটি SAT-এর জন্য খুব ভালো একটি প্রস্তুতিও। PSAT এবং SAT স্কোর আপনার হাই স্কুল ট্রান্সক্রিপ্ট-এ **দেখা যাবে না।**
অক্টোবর মাসে স্টাইতে PSAT/NMSQT পরীক্ষা দিন। আপনার অর্জিত ফলাফল কলেজে ভর্তি পরীক্ষার জন্য একটি স্টাডি প্ল্যান তৈরি করতে ব্যবহার করুন।

- স্প্রিং (বসন্ত) টার্ম-এর প্রাথমিক প্রোগ্রাম তৈরি শুরু হয়। আপনি যেসব কোর্স গ্রহণ করবেন, সেগুলোর কথা মনোযোগের সাথে বিবেচনা করবেন। নিশ্চিত করবেন যে আপনি আপনার গ্র্যাজুয়েশনের সকল শর্ত পূরণ করছেন। আপনার স্কুল কাউন্সেলরের সাথে সংযোগ রাখবেন ও স্টাইভেসান্ট স্টুডেন্ট প্ল্যানার দেখবেন। এতে গ্র্যাজুয়েশনের শর্তগুলো তালিকাভুক্ত থাকবে এবং আপনার পূরণকৃত কোর্সের জন্য একটি চেক-অফ (কেটে বাদ দেওয়ার) তালিকা থাকে।

- ACT অথবা SAT পরীক্ষার জন্য প্রস্তুতি শুরু করুন। জুনিয়র বছরের শেষ নাগাদ কমপক্ষে ACT অথবা SAT (অথবা আপনি দুটিই চেষ্টা করতে পারেন) পরীক্ষা দেবার দিকে লক্ষ্য রাখুন।
  - আর্থিকভাবে সুবিধাবঞ্চিত যেসব শিক্ষার্থীর স্কুল আয়ের অনুসন্ধান ফর্ম দ্বারা নির্ণীত মিল কোড A, 1 বা 2 রয়েছে, তারা SAT এবং ACT ফি মওকুফ পাবে। অনুগ্রহ করে ফি মওকুফের জন্য কলেজ অফিসে ইমেইল করুন।

- শীতে আপনারা নেভিয়ান্স স্টুডেন্ট-এ আপনাদের SSR সার্ভে শুরু করতে পারবেন, এটি আপনার স্কুল কাউন্সিলর আপনার সুপারিশের চিঠি প্রস্তুতিতে ব্যবহার করবেন।

**স্প্রিং (বসন্ত) টার্ম**

- ফেব্রুয়ারির বন্ধের আগে কলেজ কাউন্সিলরগণ জুনিয়র এবং তাদের পরিবারের জন্য একটি উপস্থাপনা পরিচালনা করবেন

- কলেজ কাউন্সেলরগণ তাদের দায়িত্বের গুরুত্ব অনুসারে জুনিয়রদের সাথে সাক্ষাৎকার শুরু করবেন। আপনি আপনার নেভিয়ান্স অ্যাকাউন্টে কলেজ কাউন্সেলরের কাছ থেকে ইমেইল পাবেন – আপনি নিশ্চিত করবেন যে এই ঠিকানার ইমেইল আপনি নিয়মিত দেখছেন।

- প্রযোজ্য হলে SAT অথবা ACT পরীক্ষার জন্য রেজিস্টার করুন, এবং/অথবা মার্চ-এ স্টাই-তে স্কুলের দিনে SAT পরীক্ষা দিন।

- পিতামাতা/অভিভাবকদেরকে ইমেইলে তাদের কলেজ কাউন্সেলরদের সাথে 30 মিনিটের পারিবারিক সাক্ষাতের জন্য স্প্রিং (বসন্ত) টার্ম সাক্ষাৎসূচি তৈরির আমন্ত্রণ জানানো হবে। ***পারিবারিক সাক্ষাৎ অনুষ্ঠিত হবে শুধু জুনিয়র ইয়ার-এ।***

- কলেজের জন্য যেসব তথ্য উপকরণ পাওয়া যায়, সেগুলোর সাথে পরিচিত হওয়া ভালো:
  - নেভিয়ান্স স্টুডেন্ট-এর সাথে পরিচিত হোন। কলেজের তথ্য পাওয়ার জন্য এটি একটি সমৃদ্ধ উৎস।
  - স্টাইভেসান্ট লাইব্রেরিতে কলেজ রেফারেন্স গাইড এবং প্রমিতমান পরীক্ষার প্রস্তুতির উপকরণের সংগ্রহ রয়েছে।
  - কলেজ অফিস ওয়েবপেজ www.stuy.edu-এ অনেক প্রয়োজনীয় ডক্যুমেন্ট রয়েছে।
  - অনুগ্রহ করে বিভিন্ন কলেজ ওয়েবসাইট দেখুন। আপনি হয়তো ভার্চুয়াল ট্যুর, ভর্তিসংক্রান্ত উপাত্ত, নির্দিষ্ট মেজর (প্রধান পাঠ্য) ও প্রোগ্রাম ইত্যাদি সম্পর্কিত তথ্য পেতে পারেন।

- আপনার সিনিয়র ইয়ার-এর জন্য প্রারম্ভিক প্রোগ্রাম তৈরি শুরু হবে। বাছাইকারী কলেজগুলো দুরূহ ক্লাসে সফল শিক্ষার্থীদের সুবিধা দেয়। অধিকাংশ কলেজ আপনার সিনিয়র ইয়ারের গ্রেডগুলো ভালভাবে মূল্যায়ন করবে। আপনি যথাসম্ভব সবচেয়ে কঠোর প্রোগ্রাম সাফল্যের সাথে চালিয়ে যেতে পারেন...তবে অতিরিক্ত কর্মসূচি গ্রহণ থেকে নিজেকে বিরত রাখবেন!

- মনোযোগ সহকারে আপনার হাই স্কুল ট্রান্সক্রিপ্ট নির্ভুল কি না পর্যালোচনা করুন। আপনার সকল হাই স্কুল কোর্স ও রিজেন্টস্ পরীক্ষার সঠিক গ্রেডসহ তালিকায় উল্লিখিত হতে হবে। নিশ্চিত করুন যে সকল সংশোধনী আপনার স্কুল কাউন্সেলরের কাছে অবিলম্বে তুলে ধরা হয়েছে।

- সামার প্রোগ্রাম নিয়ে অনুসন্ধান ও আবেদন করুন। ট্যালোস (Talos)-এ পোস্টকৃত অপরচুনিটি (সুযোগ) বুলেটিনগুলি দেখুন। 'সামার স্টাডি ইন এ কলেজ' (গ্রীষ্মে কলেজে অধ্যয়ন), সম্ভাব্য 'রিজেনারন' প্রজেক্ট অভিমুখী গবেষণা, স্বেচ্ছাসেবা, কলেজের ব্যয়নির্বাহের জন্য উপার্জনে সহায়ক কোনো চাকরি ইত্যাদিসহ বিভিন্ন ধরনের কর্মকাণ্ডে অংশগ্রহণের কথা বিবেচনা করুন।

- কলেজ বেছে নেওয়া ও আপনার কলেজ শিক্ষার ব্যয় নির্বাহ সম্পর্কে পরিবারের সাথে আলোচনা করুন।

- নিশ্চিত করুন যে আপনি নিয়মিত আপনার stuy.edu ঠিকানায় পাঠানো ইমেইল দেখেন। কলেজ অফিস সাধারণত গুরুত্বপূর্ণ তথ্য আপনার কাছে ইমেইলে পাঠায়। এছাড়া এসব বার্তা আপনার নেভিয়ান্স অ্যাকাউন্টেও সংরক্ষিত থাকে।

- আমাদের বিশালাকার কলেজ মেলায় (তারিখ পরে জানান হবে) পিতামাতা/অভিভাবকদের সাথে অংশ নিন। এটি একটি অত্যন্ত বৈশিষ্টপূর্ণ অনুষ্ঠান যা আপনার ও আপনার পরিবারকে স্টাইভেসান্ট পরিদর্শনকারী বহুসংখ্যক কলেজ প্রতিনিধির কথা শোনার জন্য একটি অসাধারণ সুযোগ দেয়।

- আলাদা দুইটি পাঠ্য বিষয়ের আপনার দুইজন (**এবং দুইজনমাত্র**) শিক্ষককে বলুন তিনি আপনার জন্য একটি করে কলেজের সুপারিশপত্র দিতে সম্মত আছেন কি না। বিবেচক হোন – আপনার সুপারিশকারীগণ আপনার কলেজের আবেদপত্রের জন্য অনেক সময় ও শ্রম ব্যয় করেন এবং তা শুধু স্বেচ্ছাশ্রমের ভিত্তিতেই করেন।

- অ্যাডভান্সড (উচ্চতর) প্লেসমেন্ট পরীক্ষা নেওয়া হয় মে মাসে। ফলএ (হেমন্তে) কলেজআবেদনে AP স্কোরগুলো স্ব-পরিবেশিত (self-reported) হতে পারে। যদি করতে হয়, তাহলে কোনটা করতে হবে, সেটা শিক্ষার্থীরা বেছে নিতে পারবে।

- আপনি যদি কোনো সার্ভিস অ্যাকাডেমিতে (ওয়েস্ট পয়েন্ট, আনাপোলিস ইত্যাদি) আবেদন করেন তাহলে আপনাকে আপনার সেনেটর বা গণপ্রতিনিধিদের কাছে সার্ভিস অ্যাকাডেমির মনোনয়নের জন্য এখনি আবেদন জানাতে হবে।

- আপনার কাছে যেসব কলেজ আগ্রহব্যঞ্জক হতে পারে, সেগুলো সম্পর্কে তথ্যানুসন্ধান অব্যাহত রাখুন।

**সামার (গ্রীষ্ম)**

- সামারের সময়কে কাজে লাগান...একই সাথে বিশ্রাম ও বিনোদন লাভের মধ্য দিয়েও!

- বিভিন্ন কলেজ সম্পর্কে গবেষণা করুন। আপনি এমন একটি কলেজ খুঁজে নিতে চান যেটা আপনার জন্য হয়তো যথাযথ উপযুক্ত হতে পারে। এই হ্যান্ডবুকের “Factors to Consider in Selecting a College” (কলেজ বাছাইয়ে বিবেচ্য বিষয়াবলী) এবং অন্য যেসব তথ্য-উপকরণ বইয়ের শেষে তালিকাভুক্ত আছে, সেগুলো দেখুন।

- আপনার কলেজ রচনা শুরু করুন। অধিকাংশ কলেজও তাদের বিবেচ্য সম্পূরক বিষয়বস্তু সম্পর্কে সামারের সময়ে জানিয়ে দেয়। আপনার কলেজ রচনা লিখা সামারেই শুরু করুন যাতে আপনি সিনিয়র ইয়ারের ফার্স্ট টার্ম-এ ভালো গ্রেড পাওয়া অব্যাহত রেখে কলেজ প্রক্রিয়ার পুরো চাহিদা ভালোভাবে পূরণ করতে পারেন। আমাদের কলেজ অফিস কর্তৃক ইমেইলে প্রেরিত রিসোর্সসমূহ ব্যবহার করুন

- আগ্রহের কলেজ ক্যাম্পাসগুলি পরিদর্শন করুন। কলেজ পরিদর্শনকে কলেজের প্রতি আগ্রহের বহিঃপ্রকাশের একটি লক্ষণ হিসেবে কলেজগুলো বিবেচনা করে, যেটা বহু চাহিদাবিশিষ্ট কলেজের জন্য ভর্তি প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ। কিন্তু সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়টি হলো, আপনি কোথায় আবেদন করতে চান সেটি জানার এটি একটি চমৎকার উপায়।

- অগাস্ট মাসে www.commonapp.org ওয়েবপেজে একটি অ্যাকাউন্ট তৈরি করুন। এখানেই আপনার কলেজে ভর্তির অধিকাংশ আবেদন জমা দেওয়া হবে। একটি ইউজারনেম ও পাসওয়ার্ড ঠিক করুন যা সহজে স্মরণ করা যায়, আপনাকে পরবর্তী কয়েকমাস যাবত এখানে বহুবার লগ ইন ও লগ আউট করতে হবে। **যা-ই হোক না কেনো, সামারে কোনো আবেদনপত্র জমা দেবেন না!**

- আপনার নেভিয়ান্স স্টুডেন্ট অ্যাকাউন্টের *'Colleges I'm Applying To'* (যেসব কলেজে আবেদন করছি) ট্যাব-এ আপনার কমন অ্যাপ ইমেইল প্রদান করে নেভিয়ান্সের সাথে 'কমন অ্যাপ' লিংক করার কথা স্মরণ রাখবেন। সেপ্টেম্বর মাসে আমরা বিশদ নির্দেশনা প্রদান করবো।

- আপনার সঙ্গতি নির্ণয়ের জন্য আগ্রহের কলেজগুলোর net –price (শিক্ষার্থীকে যা পরিশোধ করতে হবে) ক্যালকুলেটর-এর হিসাব সম্পন্ন করার জন্য আপনার পরিবারকে সঙ্গে নিয়ে কাজ করুন; যেসব শিক্ষার্থীর অগ্রিম ভর্তির সিদ্ধান্ত পরিকল্পনা আবশ্যক, সেগুলোতে আবেদন করবে, তাদের জন্য এটি গুরুত্বপূর্ণ।

## সিনিয়র ইয়ার

### ফল (হেমন্ত) টার্ম

- সামারের পরে আপনার যদি কোনো গুরুত্বপূর্ণ আপডেট (তথ্যগত পরিবর্তন) থাকে, তাহলেই শুধু নেভিয়াঙ্গ-এ সংক্ষিপ্ত SSR আপডেট সার্ভে পূরণ করবেন

- সিনিয়র কলেজ নাইট: কলেজ অফিস স্টাফগণ গুরুত্বপূর্ণ সহায়ক উপকরণ সম্পর্কে আলোচনা করবেন এবং কলেজের আবেদন প্রক্রিয়া সম্পর্কে পরামর্শ প্রদান করবেন। এই অনুষ্ঠানটি শুধু সিনিয়রদের পিতামাতার জন্য। ইমেইলে দেওয়া ঘোষণার প্রতি লক্ষ্য রাখবেন। স্কুল চলাকালে শিক্ষার্থীদের উদ্দেশ্যে এ ধরনের সমাবেশ আয়োজন করা হবে।

- আপনার ট্রান্সক্রিপ্ট সঠিক কি না, যাচাই করে দেখবেন। আপনি যেসব কলেজে আবেদন করবেন, সেসব কলেজে আপনার প্রাথমিক ট্রান্সক্রিপ্ট পাঠানো হবে, যার অন্তর্ভুক্ত থাকে আপনার জুনিয়র ইয়ার-এর শেষ পর্যন্ত সকল হাই স্কুল ক্রেডিট এবং গ্রেড। প্রয়োজন হলে ট্রান্সক্রিপ্ট সংশোধনের অনুরোধ জানাবেন।

- আপনার সাধারণ আবেদন এবং নেভিয়াঙ্গ অ্যাকাউন্টের মধ্যে মিল রাখবেন, এবং নেভিয়াঙ্গ অ্যাকাউন্টের কলেজ অফিস ফোল্ডারের 'ডকুমেন্ট রিসোর্সেস' অংশে অন্তর্ভুক্ত নির্দেশনা অনুসরণ করে নেভিয়াঙ্গ-এ আপনার শিক্ষক সুপারিশকারীদের সংশ্লিষ্ট করুন।

- কলেজ কাউন্সেলরগণ আলাদাভাবে শিক্ষার্থীদের সাথে সাক্ষাৎ করা শুরু করবেন।

- কলেজ প্রতিনিধিগণ স্টাইভেসান্টে আসবেন এবং তাদের স্কুল সম্পর্কে কথা বলবেন। বহুক্ষেত্রে তারা হলেন সেই একই মানুষ যারা আপনাদের কলেজ আবেদন যাচাই করেন। আপনি যেসব কলেজে আবেদন করবেন বলে আপনি জানেন, সেগুলোর সাথে সম্পর্কিত অধিবেশনে আপনার অংশগ্রহণ করা উচিৎ। এসব সাক্ষাৎ নেভিয়াঙ্গে তালিকাভুক্ত থাকে এবং তা নিয়মিত হালনাগাদ করা হয়।

- যদি কোনো প্রতিনিধির উপস্থাপনা আপনার কোনো ক্লাসের সাথে সাংঘর্ষিক হয়, অবশ্যই তাতে অংশগ্রহণের জন্য আপনার শিক্ষকের কাছে অনুমতির অনুরোধ জানাবেন এবং অবশ্যই স্মরণ রাখবেন যে, আপনার সে ক্লাসে বাদ পড়া যে কোনো কাজের জন্য আপনি দায়বদ্ধ থাকবেন। আপনি কোনো ক্লাস থেকে বাদ পড়লে আপনার শিক্ষকের কাছ থেকে সই করিয়ে নেওয়ার জন্য কলেজ অফিস থেকে একটি পাস সংগ্রহ করবেন।

- প্রযোজ্য হলে আসন্ন ACT-এর এবং রেজিস্ট্রেশনের শেষ তারিখ জানার জন্য www.collegeboard.org দেখবেন।

- যদি প্রযোজ্য হয়, আসন্ন ACT পরীক্ষার তারিখ এবং রেজিস্ট্রেশনের শেষ তারিখের জন্য ACT কলেজ অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং - স্টুডেন্টস্ অ্যান্ড প্যারেন্টস্ | ACT দেখুন।

- আপনি যদি U.K.-এর কলেজগুলিতে আবেদন করেন, তাহলে অনুগ্রহ করে জেনে রাখবেন যে, অক্সফোর্ড ও কেমব্রিজে আবেদনের শেষ তারিখ খুব আগে থাকে। অপরদিকে, অন্যান্য U.K. স্কুলের শেষ তারিখ যা গতানুগতিক আমেরিকান কলেজগুলোর ভর্তির শেষ তারিখের অনেক পরে হয়। U.K.-এর কলেজগুলোতে শিক্ষার্থীদের UCAS আবেদনপত্র পূরণের বাধ্যবাধকতা রয়েছে। U.K.-এর কলেজে আবেদন সম্পর্কে আরও তথ্যের জন্য https://www.ucas.com/undergraduate ওয়েবপেজ দেখুন।

- অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসে আপনি নেভিয়ান্স স্টুডেন্ট-এর *Colleges I'm Applying To* (যে কলেজগুলোতে আবেদন করছি) সেকশন পূরণ করে আপনার কলেজ বাছাই সম্পর্কে কলেজ অফিসকে জানাবেন।

- আপনি যেসব কলেজে আবেদনের জন্য আগ্রহী, সেসব কলেজের অ্যাডমিশন ওয়েবসাইট ভালোভাবে পাঠ করা আপনার জন্য গুরুত্বপূর্ণ। আপনাকে অবশ্যই প্রতিটি কলেজকে আবশ্যিক অথবা সুপারিশকৃত সবকিছু সরবরাহ করতে হবে। তদুপরি, আপনাকে অবশ্যই আবেদনের শেষ তারিখ ও ফাইন্যানশিয়াল এইড ফর্ম পূরণের শেষ তারিখসহ সকল আবেদনের শেষ তারিখ মেনে চলতে হবে।

- আপনি যদি 'আরলি ডিসিশন" (আগে সিদ্ধান্ত, ED) এবং/অথবা 'আরলি অ্যাকশন' (আগে পদক্ষেপ, EA) আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণের পরিকল্পনা করেন, তাহলে কলেজ অফিসকে **21 অক্টোবর, 2024-এর মধ্যে জানিয়ে দেবেন।**

- EA/ED-তে জন্য আবেদনকারী শিক্ষার্থীদের জন্য: 2025-2026 সালের FAFSA এবং CSS প্রোফাইল সাধারণ সময়ের চাইতে আগে জমা দিতে হবে। CSS-প্রোফাইল একটি ফাইন্যানশিয়াল এইড ফরম যা কিছু কিছু কলেজের জন্য আবশ্যিক। এটা কলেজবোর্ড সাইটে পাওয়া যায়: CSS Profile

- ফাইন্যানশিয়াল এইড-এর আবেদনকারীগণ আপনার FAFSA (ফ্রি অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড) ফর্ম পূরণ করতে পারবেন fafsa.gov

- যেসব কলেজে 'রোলিং অ্যাডমিশনস্' (চলমান ভর্তি) বা কোনো 'প্রায়োরিটি' (অগ্রাধিকার) রয়েছে, আপনি যদি সেগুলোতে আবেদনের পরিকল্পনা করেন, তাহলে আপনাকে অবশ্যই শেষ তারিখের অন্ততঃ দুই সপ্তাহ আগে নেভিয়ান্স স্টুডেন্ট-এ সেটা প্রকাশ করতে হবে।

- সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (CUNY) সিস্টেমের কলেজগুলোতে আবেদন করুন – সাধারণ CUNY আবেদনপত্র অনলাইনে http://www2.cuny.edu/admissions/apply-to-cuny/ ওয়েবসাইটে জমা দেওয়া যেতে পারে। নিশ্চিত করবেন যে আপনার 9-রাশির OSIS নম্বর আপনার CUNY আবেদনে উল্লেখ করেছেন।

- আপনি ম্যাকুলে অনার্স কলেজ, CUNY অনার্স প্রোগ্রামে আবেদন করার পরিকল্পনা গ্রহণ করলে আপনাকে একটি আলাদা সাধারণ CUNY আবেদনপত্র জমা দিতে হবে না। আপনার CUNY ম্যাকুলে অনার্স আবেদনপত্র আপনা-আপনি সাধারণ CUNY-তে ভর্তির আবেদন হিসেবে বিবেচনা করা হবে।

- আপনি স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক (SUNY)-এর কলেজগুলোতে আবেদন করতে পারবেন কমন অ্যাপ্লিকেশন ব্যবহার করে।

- অধিকাংশ কলেজগুলোতে আপনার ED এবং/অথবা EA আবেদনপত্র জমাদানের শেষ তারিখ 1 নভেম্বর অথবা 15 নভেম্বর।

- অগ্রিম আবেদনকারীদেরকে তাদের কলেজ থেকে জবাব পেতে হবে মধ্য ডিসেম্বরে। আপনি "গৃহীত", "বিলম্বিত" কিংবা "প্রত্যাখ্যাত" হতে পারেন।

- আপনি যদি ED আবেদনের মাধ্যমে গৃহীত হন এবং একটি ফাইন্যানশিয়াল এইড প্যাকেজ লাভ করেন, তাহলে আপনাকে অবশ্যই অন্য যেসব কলেজে আপনার আবেদনপত্র সক্রিয় আছে, সেগুলো থেকে আপনার আবেদনপত্রগুলো প্রত্যাহার করতে হবে।

- নেভিয়ান্স-এ আপনার সকল 'রেগুলার' (নিয়মিত) সিদ্ধান্ত বা 'রোলিং' (চলমান) অ্যাডমিশনসমূহকে **3 জানুয়ারি, 2025** তারিখের মধ্যে প্রকাশ করবেন।

# স্টাইভেসান্ট হাই স্কুল কলেজ হ্যান্ডবুক

www.stuy.edu

**স্প্রিং (বসন্ত) টার্ম**

- আপনার ফল (হেমন্ত) 2024 চূড়ান্ত টার্ম গ্রেড প্রকাশ পাওয়ার সাথে সাথে কলেজ অফিস আপনা-আপনি সেগুলো আপনার আবেদন করা সকল কলেজে পাঠিয়ে দেবে। আপনাকে মধ্য-বছরের গ্রেড ফর্ম কলেজ অফিসে নিয়ে যেতে হবে না। এটি সংঘটিত হবে ফেব্রুয়ারির শুরুতে।

- বিবেচনা করুন আপনি এখনও যেসব কলেজ ক্যাম্পাস দেখতে পারেন নি, সেগুলো দেখার জন্য মধ্য-শীতের ছুটির অংশবিশেষ ব্যবহার করুন।

- নিশ্চিত করবেন যে আপনি সকল ফাইন্যানশিয়াল এইড আবেদনপত্র/ফর্ম পূরণ করেছেন, যদি এখনও সেটা না করে থাকেন: FAFSA, CSS প্রোফাইল, TAP ট্যুইশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম – অনুগ্রহ করে TAP গ্রান্ট এবং অ্যাক্সেলশিয়র স্কলারশিপ এবং অন্যান্য ফাইন্যানশিয়াল এইড ফর্ম যা আপনার কলেজের জন্য বাধ্যতামূলক হতে পারে, সে ব্যাপারে আরও তথ্যের জন্য, www.hesc.ny.gov (হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন অভ নিউ ইয়র্ক স্টেট) ওয়েবসাইট দেখুন।

- CUNY ম্যাকুলে অনার্স-এর সিদ্ধান্ত মধ্য মার্চে জানান হয়।

- অধিকাংশ কলেজ তাদের নিয়মিত সিদ্ধান্ত আবেদনকারীদের জানিয়ে দিয়েছে, এবং ভর্তি হওয়া শিক্ষার্থীদেরকে তাদের ক্যাম্পাস পরিদর্শনে আমন্ত্রণ জানায়।

- আপনার গ্রহণযোগ্যতা ও ফাইন্যানশিয়াল এইড অফার মূল্যায়ন করুন যাতে আপনি 1 মে তারিখে 'ন্যাশন্যাল ক্যানডিডেট রিপ্লাই ডেট'-এর আগে নির্ধারণ করতে পারেন কোথায় আপনি কলেজে যাবেন। আপনাকে অবশ্যই একটি, এবং একটিমাত্র কলেজে ভর্তির প্রস্তাব গ্রহণ করতে এবং একবার ট্যুইশন জমা দিতে হবে 1 মে তারিখের মধ্যে। **আপনি একের অধিকটিতে জমা দিতে পারবেন না।** আপনি যদি সেটা করেন, তাহলে আপনি উভয় প্রতিষ্ঠানের জন্য গ্রহণযোগ্যতা হারাতে পারেন; কিছু কিছু কলেজ ডিপোজিট দেওয়া শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করে।

- আপনার নেভিয়ান্স স্টুডেন্ট অ্যাকাউন্ট-এর “college that I am attending” (যে কলেজে যাচ্ছি) থেকে একটি কলেজ বেছে নিন।

- আপনি যেসব কলেজে গৃহীত হয়েছেন অথচ ভর্তি হতে আগ্রহী নন, অনুগ্রহ করে সেসব কলেজের অপেক্ষা তালিকায় যেসব শিক্ষার্থী রয়েছেন, তাদের প্রতি বিবেচক হবেন এবং সেসব কলেজের অফার প্রত্যাখ্যান করবেন।

- আপনি যে কলেজে ভর্তি হবেন সেটা যদি আপনার www.hesc.ny.gov ওয়েবসাইটে TAP অনলাইন আবেদন থেকে ভিন্ন হয়, তাহলে স্কুল পরিবর্তন করে নিন এবং কোনো অশুদ্ধ ফাইন্যানশিয়াল তথ্য থাকলে যতো শীঘ্র সম্ভব সংশোধন করে নিন। যেসব শিক্ষার্থী নিউ ইয়র্ক স্টেটে কলেজে যাবে, তাদের জন্য ট্যুইশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম/এক্সেলশিয়র গ্রান্টস পাওয়ার সম্ভাবনা রয়েছে।

- জুন মাসের শেষ দিকে আপনি যে কলেজটিতে ভর্তি হবেন সেখানে কলেজ অফিস আপনার চূড়ান্ত ট্রান্সক্রিপ্ট পাঠাবে।

- গ্র্যাজুয়েটদের অভিনন্দন!

## কলেজের জন্য ইন্টারভিউ

আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে কিছু কিছু কলেজ আপনাদেরকে সুযোগ দেবে হয় একজন অ্যাডমিশন অফিসার না-হয় নিউ ইয়র্ক এলাকায় বসবাসরত তাদের একজন প্রাক্তন শিক্ষার্থীর সাথে সাক্ষাত করার। কলেজ অফিস আপনার প্রার্থিতাকে জোরদার করার জন্য আপনাকে ইন্টারভিউয়ের খোঁজ করতে উৎসাহিত করে। ইন্টারভিউয়ের তারিখ, সময়, ও স্থান, ইন্টারভিউ গ্রহণকারীর নাম ও পদবী, এবং ইন্টারভিউ গ্রহণকারীর ফোন নম্বর আপনাকে জানিয়ে দেয়ার পরে, নিশ্চিত করুন ইন্টারভিউয়ের স্থানটিতে কীভাবে যেতে হয় ও এই ট্রিপটিতে কতক্ষণ সময় লাগবে তা আপনি জানেন। ভার্চুয়াল ইন্টারভিউও খুব প্রচলিত।

**সাক্ষাতের প্রথম ছাপটি গুরুত্বপূর্ণ,** তাই স্মরণ রাখবেন, আপনার সাক্ষাতের জন্য যথাযথ পোশাক পরতে হবে। স্যুট ও টাই পরার প্রয়োজন নেই; আপনি সব সময় যেমন থাকেন, তার মধ্যে সবচেয়ে ভালোভাবে নিজেকে উপস্থাপন করবেন। কেউ কেউ "বিজনেস ক্যাজুয়াল" পোশাক পরতে সুপারিশ করেন। ইন্টারভিউতে আপনার দশ থেকে পনের মিনিট আগে উপস্থিত হওয়া উচিত। প্রতিটি কলেজ সাক্ষাৎকারের আগে আপনি কেনো নির্দিষ্ট সেই কলেজটির ব্যাপারে আগ্রহী, সেটা ভেবে কিছুটা সময় কাটাবেন। বিশেষ প্রোগ্রাম সম্পর্কে অনুসন্ধান করুন। কলেজের ওয়েবসাইট এবং অন্য কোনো উপকরণ কলেজ আপনার কাছে পাঠিয়ে থাকলে তা পর্যালোচনা করুন। কলেজটির লক্ষ্য বা দর্শন কী তা জানুন। আপনার ইন্টারভিউয়ের সময়, কলেজ এবং কলেজের শিক্ষায়তনিক ও পাঠ্যক্রম-বহির্ভূত প্রোগ্রামগুলোর প্রতি আগ্রহ প্রদর্শন করুন।

আপনাকে সাক্ষাতকারে কী জিজ্ঞাসা করা হবে, যদিও সেটা জানার কোনো উপায় নেই, তাই আপনাকে নিম্নলিখিতগুলোর মতো আলোচ্য বিষয় সম্পর্কে আলোচনার জন্য প্রস্তুত থাকবেন:

- আমি কেন এই নির্দিষ্ট কলেজে যেতে আগ্রহী?
- আমি কলেজ কমিউনিটিতে কী অবদান রাখতে পারি?
- আমার ব্যক্তিগত ও বিদ্যায়তনিক লক্ষ্যগুলো কি কি?
- আমি কীসে আগ্রহী (শিক্ষায়তনিক বিষয়ের সাথে সাথে ক্লাসরুমের বাইরের আগ্রহের বিষয়সহ)?
- আমি আমার কলেজের অভিজ্ঞতা থেকে কী লাভ করবো বলে প্রত্যাশা করছি?
- আমার পেশাগত পরিকল্পনা কী হতে পারে/হতে পারতো?
- আমি গত সামারে (গ্রীষ্মে) কী করেছি এবং সেটা আমার জন্য কী অর্থ বহন করেছিল?
- আমার প্রিয় বই কী কী?
- আমি উপভোগের জন্য সর্বশেষ কী বই পড়েছি?

আপনি যখন ইন্টারভিউ গ্রহণকারীর সাথে মিলিত হবেন, তখন করমর্দন করবেন। চোখে চোখে তাকাতে এবং এক কথায় বা হ্যাঁ/না বলে উত্তর না দিতে চেষ্টা করবেন। আপনি আপনার মেজর বা ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে যে মন স্থির করেননি সেটা বলতে ভয় পাবেন না। ইন্টারভিউ গ্রহণকারীকে প্রদর্শন করুন যে আপনি একজন পরিপক্ক, আত্মবিশ্বাসী, বুদ্ধিমান, এবং স্বনির্ভর তরুণ। সবশেষে, ভদ্রতা বজায় রাখবেন। বিদায় নেয়ার সময় ইন্টারভিউ গ্রহণকারীকে ধন্যবাদ জানাবেন। সাক্ষাৎকারগ্রাহককে ধন্যবাদ জানিয়ে চিঠি বা ইমেইল পাঠাবেন এবং তাকে কৃতজ্ঞতা জানাবেন (নিশ্চিত করবেন যে আপনি তার পূর্ণ নাম ও পদবী জানেন)। অনুগ্রহ করে নমুনা "থ্যাংক ইউ (আপনাকে ধন্যবাদজ্ঞাপন)" চিঠিটি নিচে দেখুন; আপনি থ্যাংক ইউ নোটে কী অন্তর্ভুক্ত করতে পারেন এটি তার একটি সাধারণ ধারণা দেয়। আমরা অতীত অভিজ্ঞতা থেকে জানি যে সাক্ষাৎকারে আপনার আচরণ আপনার প্রার্থীতা বিষয়ে একটি ইতিবাচক বা নেতিবাচক প্রভাব রাখতে পারে।

## কলেজের জন্য সাক্ষাৎপরবর্তী নমুনা “Thank You” লেটার (ধন্যবাদজ্ঞাপনপত্র)

Your Street Address
Your City, State, Zip Code
Your Telephone Number

Date

Name of person who interviewed you
Interviewer’s professional job title
Organization or Company or College for which interviewer works
Town or City, State, Zip Code

Dear (Name of person who interviewed you):

I am very appreciative of the opportunity I had to be interviewed by you on (date of interview). I found our conversation worthwhile in many ways. (Cite some specific examples.)

I found our discussion about (mention a specific point discussed during the interview which will exhibit to the interviewer that you were engaged and attentive during the interview) and the advice you gave me (be specific here too, if possible) very valuable.

Thank you for your time spent on my behalf.

Sincerely,

*Your Signature*

Your name, typed

**বিবেচনার জন্য কিছু বাড়তি পয়েন্ট:**

- ইন্টারভিউয়ে আপনি কোনো কিছু উল্লেখ করতে ভুলে গিয়েছিলেন সেটা আপনার থ্যাংক ইউ নোট বা ধন্যবাদজ্ঞাপন পত্রে উল্লেখ করতে ভয় পাবেন না।
- থ্যাংক-ইউ নোট বা ধন্যবাদজ্ঞাপন পত্র হতে হবে সংক্ষিপ্ত। মনে রাখবেন আপনি আপনার আবেদনপত্রে নিজের সম্পর্কে অনেক কিছু ইতোমধ্যে লিখেছেন, অথবা লিখবেন।
- ধন্যবাদজ্ঞাপনমূলক পত্র বা ইমেইল সাক্ষাৎকারের পর তাড়াতাড়ি (অল্প কয়েকদিনের মধ্যে) পাঠাবেন।

## কলেজের ব্যয়/ফাইন্যানশিয়াল এইড

ফাইন্যানশিয়াল এইড (আর্থিক সহায়তা) আপনার কলেজ শিক্ষার ব্যয়নির্বাহে সহায়তা করে। আপনার মোট খরচে শুধুমাত্র বেতন অন্তর্ভুক্ত থাকবে না, কিন্তু থাকবে থাকা-খাওয়া, বইপত্র, যাতায়াত খরচ ইত্যাদি। আপনাকে কতোটা আর্থিক সহায়তা প্রদান করা হবে সেটি কোন কলেজে আপনি যাবেন তা নির্ধারণে একটি বড় ব্যাপার। ফাইন্যানশিয়াল এইড বলতে কী বুঝায় এবং তার জন্য আপনি কীভাবে আবেদন করবেন, এই অংশ থেকে আপনি তার একটি উপরিচিত্র পাবেন, তবে অনুগ্রহ করে খেয়াল রাখবেন, এটি সংক্ষিপ্ত রূপরেখামাত্র।

ফাইন্যানশিয়াল এইড-এর আবেদনপত্র একটী দীর্ঘ ও সবিস্তার আবেদন, এবং পূর্ণ করতে কয়েক ঘণ্টা লাগতে পারে। আপনার পরিবারের ট্যাক্স ফর্ম ও আর্থিক রেকর্ড হাতে আছে এবং সেগুলো হালনাগাদ থাকা গুরুত্বপূর্ণ। কলেজগুলোর স্থির করে দেওয়া ফাইন্যানশিয়াল এইড-এর নির্ধারিত তারিখ রয়েছে। আপনি যেসব কলেজে আবেদন করছেন, সে কলেজগুলোর ফাইন্যানশিয়াল এইড-এর শর্তাবলী মনোযোগ দিয়ে পাঠ করা অপরিহার্য। ফাইন্যানশিয়াল এইড ফর্ম আপনি যতদিন কলেজে থাকবেন, ততদিন পর্যন্ত প্রতি বছর পূরণ করতে হবে।

কলেজ যে ফাইন্যানশিয়াল এইড প্রদান করে, সেটার ভিত্তি হতে পারে পরিবারেন "প্রয়োজন" বা "মেধা"। আর্থিক চাহিদাকে সংজ্ঞায়িত করা হয় একটি নির্দিষ্ট কলেজে পড়ার জন্য যে ব্যয় (ট্যুইশন, রুম, বোর্ড ইত্যাদি) হয়, এবং তার মধ্যে আপনি ও আপনার পরিবার কলেজ শিক্ষার জন্য যা পরিশোধ করতে সক্ষম হবেন বলে প্রত্যাশিত, এই উভয়টির ব্যবধান দিয়ে। আপনার বার্ষিক স্টুডেন্ট এইড ইনডেক্স (শিক্ষার্থী সহায়তা সূচক, SAI) নির্ধারণ করা হয় FAFSA ফর্ম পূরণ করার মাধ্যমে, বহু ক্ষেত্রে CSS Profileপূরণ করে, এবং কিছু কিছু ক্ষেত্রে নির্দিষ্ট কলেজের নিজস্ব ফাইন্যানশিয়াল এইড ফর্ম পূরণ করার মাধ্যমে। একটি পরিবারের আর্থিক চাহিদা কতটকু, সেটি নির্ধারণে, কলেজগুলি বিভিন্ন উপাদান বিবেচনা করে - এর অন্তর্ভুক্ত: আয়, পরিবারে সদস্য সংখ্যা, এবং অন্যান্য সম্পদ।

মেরিট (মেধা) এইড প্রদান করা হয় কারণ আবেদনকারীরা নির্দিষ্ট কলেজের জন্য প্রত্যাশিত বৈশিষ্ট্যের অধিকারী হন। অ্যাকাডেমিক ও অ্যাথলেটিক স্কলারশিপ হলো দুই ধরনের সাধারণ প্রাতিষ্ঠানিক মেরিট অ্যাওয়ার্ড।

আপনি যখন আপনার কলেজ খোঁজা শুরু করেন, তখন ব্যয়নির্বাহের কথা ভেবে কোনো কলেজকেই 'নেট প্রাইস ক্যালকুলেটর' ছাড়া আপনার বর্জন করা উচিৎ নয়। বহু কলেজ আছে যারা একক শিক্ষার্থীকে বিপুল পরিমাণ ফাইন্যানশিয়াল এইড প্রদান করে। আপনি যদি কলেজের জন্য অর্থ ব্যয়ে সক্ষমও হন, অর্থ সহায়তার আবেদন করতে পিছিয়ে থাকবেন না, এমন কি যদি আপনার মনেও হয় যে, আপনি তার যোগ্য বিবেচিত হবেন না। প্রাইভেট কলেজগুলিতে পড়ছে এমন প্রায় 90% শিক্ষার্থী কোন না কোন ধরনের বা মেধা ভিত্তিক আর্থিক সহায়তা লাভ করে। প্রাইভেট কলেজগুলোতে “Tuition discounting” (ট্যুউইশন হ্রাস) একটি সাধারণ বৈশিষ্ট্য; গত বছর গড় হ্রাসকৃত হার ছিলো 54.5%. -এর অধিক। সে যা-ই হোক, আপনার বাছাই করা তালিকাভুক্ত কলেজগুলোর মধ্যে অ্যাকাডেমিক ও ফাইন্যানশিয়াল “safety” (নিরাপদ) স্কুল অন্তর্ভুক্ত থাকা উচিত। আপনি কোনো একটি নির্দিষ্ট স্কুলের জন্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করতে নেট প্রাইস ক্যালকুলেটর (Net Price Calculator) ব্যবহার করুন। নেট প্রাইস ক্যালকুলেটর হলো এমন একটি মাধ্যম যা ব্যবহার করে আপনি কোনো একটি কলেজে বা ইউনিভার্সিটিতে পড়তে আপনার “net price” কতো হবে, তা নির্ধারণ করা যায়। "Net price" হলো কোনো কলেজে পড়ালেখা করার জন্য যে "sticker” ব্যয় (পূর্ণ মূল্য) পরিশোধ করতে হয়, তার থেকে আপনি যে গ্রান্ট ও স্কলারশিপের জন্য যোগ্য হবেন, তা বিয়োগ করলে যেটা হয়, সেটাই। আরও তথ্যের নিচের লিংকযুক্ত সাইট দেখুন: https://bigfuture.collegeboard.org/pay-for-college/paying-your-share/focus-on-net-price-not-sticker-price .

শিক্ষার্থীদেরকে গ্রান্টরূপে কয়েক ধরনের ফাইন্যানশিয়াল এইড বা স্কলারশিপ দেওয়া হয়, সে অর্থ আপনাকে ফেরত দিতে হবে না। অন্যান্য ফাইন্যানশিয়াল এইড আসে ঋণ হিসেবে যা গ্র্যাজুয়েশনের পর এবং/অথবা ক্যাম্পাসে ওয়ার্ক স্টাডি-তে কাজ করার মাধ্যমে উপার্জন করে ফেরত দিতে হবে।

আপনি যেসব কলেজে গৃহীত হয়েছেন, সেগুলোর প্রতিটি কলেজের ফাইন্যানশিয়াল এইড অফিস আপনার পরিবারের আর্থিক তথ্য পর্যালোচনা করেছেন, এদের সবগুলো আপনাকে আপনার ফাইন্যানশিয়াল এইড প্রাপ্তি সম্পর্কে অবহিত করবেন। আপনার লাভ করা অ্যাওয়ার্ড-এ আপনি কোন ধরনের ও কোনটি কী পরিমাণ এইড পাবেন, সেটা নির্দেশিত থাকবে। অ্যাওয়ার্ডের পরিমাণ বিভিন্ন কলেজে বিভিন্ন হয়। আপনার অ্যাওয়ার্ড পর্যাপ্ত নয়, কিংবা যদি পরিবারের আয় সম্প্রতি সংকোচিত হয় কোনো কারণে, অনুগ্রহ করে কোনো আপিল সম্পর্কে তদন্তের জন্য কলেজের ফাইন্যানশিয়াল এইড অফিসে যোগাযোগ করুন।

# স্টাইভেসান্ট হাই স্কুল কলেজ হ্যান্ডবুক

www.stuy.edu

**সাধারণ গ্রান্ট, স্কলারশিপ ও ঋণ**

***গ্রান্ট এবং স্কলারশিপ***

| **সহায়তার উৎস** | **আর্থিক মূল্য** | **কীভাবে আবেদন করতে হবে** |
|---|---|---|
| কলেজ/ইউনিভার্সিটি সুনির্দিষ্ট স্কলারশিপ | ভিন্ন ভিন্ন হতে পারে; চাহিদা ও মেধাভিত্তিক | FAFSA, এবং সম্ভবত CSS প্রোফাইল, এবং কলেজ সুনির্দিষ্ট এইড ফর্ম। |
| ফেডারেল পেল গ্রান্ট | ভিন্ন ভিন্ন হতে পারে, আর্থিক চাহিদার ভিত্তিতে | ফাফসা: |
| ফেডারেল সাপ্লিমেন্টাল এডুকেশনাল অপরচুনিটি গ্রান্ট (SEOG) | ভিন্ন ভিন্ন হতে পারে, আর্থিক চাহিদার ভিত্তিতে | ফাফসা: |
| NYS টিউশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম(TAP) | ভিন্ন ভিন্ন হয়; চাহিদাভিত্তিক; শুধু NYS-এ ব্যবহার করতে হবে | ফাফসা এবং TAP অ্যাপ্লিকেশন অথবা NYS ড্রিম অ্যাক্ট |
| ন্যাশন্যাল মেরিট স্কলারশিপ | কমবেশি হয় | জুনিয়র ইয়ার PSAT ফলাফল এবং তারপর NMS |
| EOP/HEOP/SEEK Programs | কমবেশি হয় | অবশ্যই সুনির্দিষ্ট আয়ের রূপরেখার সাথে মিলতে হবে/ইনডিভিজুয়াল কলেজ অ্যাপ্লিকেশন প্রক্রিয়া আবেদন |
| NYS এক্সেলসিয়র স্কলারশিপ | CUNY/SUNY-তে পূর্ণ ট্যুইশন পর্যন্ত, কিন্তু অপর কোনো শিক্ষাগত ব্যয় নির্বাহ করবে **না** | hesc.ny.gov . অনেক বিধিনিষেধ প্রযোজ্য |
| ROTC স্কলারশিপ | ট্যুইশন, ফিজ, অন্যান্য শিক্ষাগত ব্যয় | মিলিটারি প্রতিশ্রুতি আবশ্যক। ওয়েবসাইট www.rotc.com দেখুন। |
| বিভিন্ন প্রাইভেট স্কলারশিপস্ | তারতম্য হয়, অনেকগুলো বিষয়ের উপর নির্ভর করতে পারে | সরাসরি স্কলারশিপ ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করুন। স্টাই সাপ্তাহিক সংবাদ, নেভিয়ান্স, এবং কলেজ অফিস ইমেইল দেখুন |

***ঋণ***

| **ঋণের ধরন** | **বিবরণ** | **কীভাবে আবেদন করতে হবে** |
|---|---|---|
| ফেডারেলের সরাসরি ঋণ | শিক্ষার্থীরা কলেজ ব্যয় বহনের সহায়তায় অর্থ ঋণ করে<br>ঋণ প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানতে অনুগ্রহ করে https://studentaid.gov ওয়েবসাইট পরিদর্শন করুন | FAFSA, কলেজ ফিনানশিয়াল এইড অফিসসমূহের সাহায্যের ফর্ম পূরণ করুন |
| প্যারেন্ট লোন ফর আন্ডারগ্র্যাজুয়েট স্টুডেন্টস্ (PLUS) | পিতামাতাগণ কলেজ ব্যয় বহনের সহায়তায় অর্থ ধার করেন<br>ঋণ প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানতে অনুগ্রহ করে https://studentaid.gov/ ওয়েবসাইট পরিদর্শন করুন | FAFSA, কলেজ ফিনানশিয়াল এইড অফিসসমূহের সাহায্যের ফর্ম পূরণ করুন |
| প্রাইভেট স্টুডেন্ট লোন কিংবা সাপ্লিমেন্টাল লোনস্ বা অল্টারনেটিভ লোনস্ | কিছু পরিবার তাদের অনেক অপূরণীয় আর্থিক চাহিদা পূরণের জন্য ঋণ করার বিষয়টি বেছে নিতে পারে | বুদ্ধিমান ভোক্তা হোন, ঋণ খুঁজে নিন যার সুদের হার কম এবং শোধের সর্বোত্তম বিকল্প রয়েছে। |

## নমুনা ফিনানশিয়াল এইড অ্যাওয়ার্ড

গত বছরগুলিতে শিক্ষার্থীরা প্রকৃতপক্ষে যার ভিত্তিতে আর্থিক সহায়তা পেয়েছিলো নিচে তার কিছু নমুনা দেয়া হলো। আপনার আর্থিক সহায়তার অর্থ আপনার জন্য লভ্য হবে থেকে যেকোনো কলেজ অথবা ইউনিভার্সিটিতে আপনি ভর্তি হবার পর, অনেক ক্ষেত্রে আপনার অনলাইন কলেজ পোর্টালের মাধ্যমে। ***যখন আপনি প্রতিটি কলেজে আপনার সহায়তা প্রাপ্তির মূল্যায়ন করেন , আপনাকে অবশ্যই নিচের বিষয়গুলি স্থির করতে হবে:***

- এই কলেজে পড়ার জন্য মোট খরচ যা হবে সেটি পূরণ করা যাবে কিনা? সেটি শুধু বেতনের খরচ ছাড়াও অন্য কিছু এবং এর অন্তর্ভুক্ত হতে পারে থাকা খাওয়া, খাবার ব্যবস্থার পরিকল্পনা, যাতায়াত এবং ব্যক্তিগত খরচ, বিভিন্ন ফিজ, বই ইত্যাদি।
- অনুদান অথবা স্কলারশিপ হিসেবে কত অর্থ প্রদান করা হচ্ছে?
- প্রদত্ত কোনো স্কলারশিপ কি নবায়নযোগ্য, এবং পরবর্তী বছরগুলিতে সেটি পেতে আমার অবশ্য করণীয় কী?
- ঋণ হিসেবে কত দেয়া হচ্ছে? ঋণের বিকল্পসমূহ যত্নসহকারে অনুসন্ধান করুন; ফেডারেল্র ঋণ সাধারণভাবে সব থেকে নিরাপদ বিকল্প।
- আমাকে পকেট থেকে কত দিতে হবে?
- তাতে কোন “ফাঁক” থাকবে কি? এর অর্থ, আমার প্রাপ্য মোট সহায়তার অর্থ এবং পড়ার পুরো ব্যয়ের মধ্যে কোনো পুরণ না হওয়া অর্থ আছে কিনা?

অনুগ্রহ করে নিচের নমুনা এইড প্যাকেজে দৃষ্টি দিন এবং প্রতিটি বিকল্প মূল্যায়নকালে নিজেকে এসব প্রশ্ন করুন!

**CUNY সিটি ইউনিভার্সিটি ইয়র্ক**

| **এইড অ্যাওয়ার্ড (সহায়তার অর্থ)** | **মোট** | **ব্যয়** | **মোট** |
|---|---|---|---|
| ফেডারেল পেল গ্র্যান্ট | $7395 | ট্যুইশন অ্যান্ড ফিজ | $6930 |
| NYS TAP গ্র্যান্ট (অনুদান) | $4535 | বই/সাপ্লাই-সামগ্রী/পরিবহন | $3000 |
| | | ব্যক্তিগত | $2000 |
| **সহায়তার মোট অর্থ** | **$11, 930** | **মোট খরচ** | **$11,930** |

**বিগ হুপস্ ইউনিভার্সিটি**

| **এইড অ্যাওয়ার্ড (সহায়তার অর্থ)** | **মোট** | **ব্যয়** | **মোট** |
|---|---|---|---|
| বিগ হুপস্ স্কলারশিপ | $15000 | কলেজের বেতন | $34750 |
| বিগ হুপস্ অনুদান | $10000 | ফি বা চাঁদা | $770 |
| ফেডারেল পেল গ্র্যান্ট | $7395 | আবাসিক হল | $9250 |
| ফেডারেলের সরাসরি ভর্তুকি প্রদত্ত ঋণ | $3500 | খাবার পরিকল্পনা | $5720 |
| ফেডারেলের সরাসরি ভর্তুকি প্রদত্ত ঋণ | $2000 | বই/সাপ্লাই-সামগ্রী/পরিবহন | $2000 |
| NYS TAP গ্র্যান্ট (অনুদান) | $5665 | ব্যক্তিগত | $1500 |
| **সহায়তার মোট অর্থ** | **$43560** | **মোট খরচ** | **$53990** |

## কলেজের জন্য প্রস্তুতির চেকলিস্ট

I. কলেজের আবেদনপত্র জমাদানের আগে আবশ্যিক/ঐচ্ছিক উপকরণগুলোর পরখতালিকা:

1. ______আমি কলেজ ওয়েবসাইট মনোযোগ দিয়ে দেখেছি।
2. ______আমি ক্যাম্পাস পরিদর্শন করেছি।
3. ______ আমি ভর্তি প্রতিনিধিদের সাথে সম্পৃক্ত আছি (ভার্চুয়্যাল অথবা সশরীরে)
4. ______কলেজটিতে আমার আগ্রহের প্রোগ্রাম আছে কি না, আমি পরীক্ষা করেছি।
5. ______আমি সকল/ সুপারিশকৃত প্রমিত পরীক্ষা (SAT অথবা ACT) দিয়েছি
6. ______আমি আমার স্ট্যান্ডার্ডাইজড্ টেস্ট স্কোর কলেজে পাঠাতে অথবা যথাযথ পরীক্ষাদান-ঐচ্ছিক কলেজে পাঠাতে প্রস্তুত।
7. ______আমি এই কলেজটিকে আমার কমন অ্যাপ তালিকায় অন্তর্ভুক্ত করেছি।
8. ______আমি এই কলেজটিকে আমার নেভিয়াঙ্গ-এর "colleges I'm applying to list"-এ অন্তর্ভুক্ত করেছি।
9. ______নেভিয়েঙ্গে (EA/ED/ED II/RD) প্রত্যেক কলেজের জন্য আমি সঠিক আবেদন পরিকল্পনা উল্লেখ করেছি।
10. ______**আমি সম্ভাবনাময় কলেজ ও আমার পরিকল্পনা সম্পর্কে আলোচনা করার জন্য আমার কলেজ কাউন্সেলরের সাথে মিলিত হয়েছি!**
11. ______আমি সকল কলেজের আবেদন জমাদানের শেষ তারিখ জানি।
12. ______আমি আমার রচনা(রচনাগুলো) লিখা সম্পন্ন করেছি।
13. ______আমি আমার কলেজের সম্পূরক আবেদনপত্র সম্পন্ন করেছি।
14. ______আমি আবশ্যিক স্ব-পরিবেশিত অ্যাকাডেমিক রেকর্ডসমূহ ((NYU, নর্থইস্টার্ন, রাটগার্ ইত্যাদি) সম্পন্ন করেছি।
15. ______আমি আমার হাই স্কুল ট্রান্সক্রিপ্ট সাবধানতার সাথে পরীক্ষা করেছি ও প্রয়োজনীয় সংশোধন করেছি।
16. ______আমার পরিবার ও আমি সকল আবশ্যিক ফাইন্যানশিয়াল এইড ফর্ম (CSS প্রফাইল, FAFSA...) প্রস্তুত করেছি

II. অ্যাকসেপটেন্স (ভর্তির প্রস্তাব) আসার পর যা যা করতে হবে:

1. ______আমি যে কলেজে ভর্তি হবো, সেটিতে আমার তালিকাভুক্তি বা এনরোলমেন্ট-এর জন্য প্রদত্ত অর্থ/প্রতিশ্রুতির ফর্ম জমা দিয়েছি।
2. ______আমি যত্নসহকারে আমার আর্থিক সহায়তার অর্থ পর্যালোচনা এবং গ্রহণ করেছি।
3. ______যে কলেজগুলো আমাকে ভর্তির প্রস্তাব দিয়েছে, সেটিকে আমি জানিয়েছি যে আমি সেখানে ভর্তি হবো না।
4. ______আমি আমার আবাসনের আবেদনপত্র পূরণ করেছি আথবা প্রয়োজনে আমি ক্যাম্পাসের বাইরে বাসস্থান দেখে নিতে পারবো।
5. ______আমি প্রি-রেজিস্ট্রেশনের অনুরোধকৃত কাগজপত্র, হেলথ্ ফর্ম, সূচিভুক্ত পরিচিতিপ্রত্র পূরণ করেছি।
6. ______আমি নিশ্চিত করেছি যে আমার TAP আবেদনপত্র সঠিক কলেজের প্রতিফলন ঘটাচ্ছে, যদি তা প্রযোজ্য হয় এবং আমি নিউ ইয়র্ক স্টেটের কোনো কলেজে ভর্তি হই।

## রিসোর্স বা তথ্য-উপকরণসমূহ

নিম্নলিখিত বইগুলোর অনেকটি স্কুল লাইব্রেরি, পাবলিক লাইব্রেরি এবং স্থানীয় বইয়ের দোকানে ও Amazon.com-এ পাওয়া যায়।

- *The Price You Pay for College.* Ron Leiber
- *Where You Go Is Not Who You'll Be.* Frank Bruni
- *Who Gets In and Why.* Jeffrey Selingo
- *The Hidden Ivies: Thirty Colleges of Excellence.* Harper Collins.
- *How to Get an Ivy League Education at a State University.* Avon Books.
- *Looking Beyond the Ivy League: Finding the College That's Right for You*. Loren Pope
- *The Fiske Guide to Colleges.* Edward B. Fiske.
- *The K & W Guide to Colleges for Students with Learning Disabilities.* The Princeton Review
- *The Best 387 Colleges.* The Princeton Review.
- *The Princeton Review: Guide to College Majors.*
- *College Board: College Handbook.* The College Board.
- *College Cost Book.* The College Board.
- *College Handbook, Index of Majors.* The College Board.

### ওয়েবসাইট:

- স্টাইস কলেজ অফিস
- https://lesshighschoolstress.com/
- ন্যাভিয়েন্স স্টুডেন্ট- https://student.naviance.com/stuyvesant
- অনলাইনে কলেজের ফলাফল- www.collegeresults.org
- ফ্রি অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড - www.fafsa.gov
- নিউ ইয়র্ক স্টেট এইড – https://www.hesc.ny.gov/
- বৈধতার কাগজপত্রহীন শিক্ষার্থীদের জন্য স্টেটের সহায়তা NYS ড্রিম অ্যাক্ট-https://www.hesc.ny.gov/dream/
- স্কলারশিপ– www.fastweb.com
- CSS প্রোফাইলের জন্য EFC ক্যালকুলেটর (হিসাব নির্ণায়ক) (যখন "Pick a Formula" দেখা যাবে, তখন "Institutional Methodology" বেছে নিন) - CollegeBoard EFC Calculator
- ফেডারেল সহায়তার তথ্য: http://studentaid.ed.gov
- FINAID, একটি চমৎকার ফ্রি সাইট যা আর্থিক সহায়তার অনেক দিক দেখে: www.finaid.org
- কলেজ বোর্ড – www.collegeboard.org
- সাধারণ আবেদনপত্র - www.commonapp.org
- ন্যাশনাল সার্ভে অভ স্টুডেন্ট এনগেজমেন্ট- https://nsse.indiana.edu/support-resources/students-parents/pocket-guide/english.html
- ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর কলেজ অ্যাডমিশনস্ কাউন্সেলিং: www.nacacnet.org
- NYC শিক্ষার্থীদের জন্য স্কলারশিপ: http://www.newvisions.org/pages/scholarship-opportunities-list
- শিক্ষার্থীদের ঋণ বিষয়ক প্রোজেক্ট-http://ticas.org/posd/home
- WSJ গাইড টু স্টুডেন্ট লোনস্ ইবুক: https://s.wsj.net/public/resources/documents/the-wsj-guide-to-student-loans.pdf